২৮। এনিমা টেরেবিন্থিনি ... .. } বাহ্য প্রয়োগার্থ
২৯। এলিমাই ... ... } ব্যবহৃত হয়।

ধামনিক্ উত্তেজক ঔষধ সকলের বিবরণ।

(১ ম)

ল্যাটিন। ইংরাজী।

এমোনি কার্ব্বনাস্।... ... ...কার্ব্বনেট্ অব্ এমোনিয়া।

মাত্রা ৫ হইতে ১০ গ্রেন।

ক্রিয়া। উত্তেজক, কফনিঃসারক, ঘর্ম্মকারক, অম্ল নাশক, আক্ষেপ নিবারক, বমন কারক।

প্রয়োগরূপ ... ...মাত্রা।

১। স্পিরিটস্ এমোনি এরোমেটিকস্ ১০—৬০ মিনিম।

আময়িক প্রয়োগ। অজীর্ণ বশতঃ পাকাশয়ে অম্ল, বুক

জ্বালা, অম্লজনিত উদরাধ্মান, টাইফস, টাইফয়েড এবং স্কালেটজ্বর, নিউমোনিয়া, প্লুরাইটিস, হৃতপিণ্ডের রোগ বশতঃ শ্বাস কাশ, পুরাতন ব্রঙ্কাইটিস, হিষ্টিরিয়া, বসন্ত, মধুমেহ, এরিসিপেলাস, রোজিওলা, আঘাত, এরিথীমা প্রভৃতি রোগে এবং উত্তেজনার্থ বিবিধ রোগে ব্যবহৃত হয়।

(২য়)

ল্যাটিন। ইংরাজী।

লাইকর্ এমোনি ফর্সিয়র। ষ্ট্রং সোল্যুশন্ অব্ এমোনিয়া।

[উগ্র এমোনিয়া দ্রব]

মাত্রা ৩ হইতে ১০ মিনিম।

ক্রিয়া। যথাযোগ্য জল মিশ্রিত করিয়া সেবন করিলে, উত্তেজক, কফনিঃসারক, মূত্রকারক, অম্ল নাশক, আক্ষেপ নিবারক, নির্জ্জলাবস্থায় দাহক বিষ ক্রিয়া করে। বাহ্য প্রয়োগে উগ্রতাসাধক, ফোস্কাকারক, দাহক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। লাইকর্ এমোনি................. ১০—৩০ মিনিম।

২। লিনিমেণ্টম্ এমোনি .... বাহ্য প্রয়োগার্থ।

আময়িক প্রয়োগ। বাত রোগে বাহ্য প্রয়োগার্থ। টাইফস্, টাইফয়েড, এবং অন্যান্য অনুপর্য্যায় জ্বরে, অজীর্ণ হাম, বসন্ত, ফুসফুস প্রদাহ প্রভৃতি রোগে আভ্যন্তরিক এবং সর্পাঘাতে আভ্যন্তরিক ও স্থানিক।

[৩য়]

ল্যাটিন। ইংরাজী।

ফস্ফরস্।... ... ...ফস্ফরস্।

মাত্রা $\frac{১}{২০০}$ হইতে $\frac{১}{৩০}$ গ্রেন।

ক্রিয়া। উত্তেজক, কামোদ্দীপক, মূত্রকারক, ঘর্ম্মকারক।

প্রয়োগরূপ... ... ... মাত্রা।

১। ওলিয়ম্ ফস্ফরেটম্ ... ... ১—১০ মিনিম।

২। পাইল্যুলা ফস্ফরাই ... ...৩—৬ গ্রেন।

৩। এসিডম্ ফস্ফরিকম্ ... ... ২—৮ মিনিম।

৪। এসিডম্ ফস্ফরিকম্ ডাইল্যুটম্ ...১০—৩০ মিনিম।
৫। „ „ ফোরেটী ... ...২—৬ মিনিম।
৬। ক্যালসিস্ হাইপো ফস্ফাস্ ... ... ৫—১০ গ্রেন।
৭। সোডি হাইপো ফস্ফাস্ ... .. ৫—১০ গ্রেন।
৮। সিরপ্ অব্ হাইপো ফস্ফেট্ অব্ লাইম্ ১—২ ড্রাম।
৯। ইথর ফস্ফরেটস্ ... ... ১—১০ মিনিম।
১০। ফস্ফরেটেড্ কড্ লিভার অয়েল ... ...১—৪ ড্রাম।
১১। টিংচ্যুরা ফস্ফরি কম্পজিটা ... ...৩—১২ মিনিম।

আময়িক প্রয়োগ। বিসূচিকা, হাম, ফুসফুস্ প্রদাহ, স্কার্লেটিনা, পক্ষাঘাত, মৃগী, কোরিয়া, রক্তহীনতা, গাইটর, স্নায়ু শূল, মস্তিষ্কের কোমলতা, যক্ষ্মা, বাত, লেপ্রসী, একজীমা প্রভৃতি চর্ম্ম রোগে ব্যবহৃত হয়।

[৪র্থ]

ল্যাটিন। ইংরাজী।
ওলিয়ম টেরেবিন্থিনি। ... ... অয়েল্ অব্ টার্পেন্টাইন
তার্পিন তৈল।

মাত্রা। ৫—৩০ মিনিম রক্তরোধক, মূত্রকারক
॥০—২ ড্রাম উত্তেজক।
২—৮ ড্রাম বিরেচক ক্রিমিনাশক।

ক্রিয়া। উত্তেজক, মূত্রকারক, রক্ত রোধক, কফনিঃসারক ঘর্ম্মকারক, আক্ষেপ নিবারক, বিরেচক, ক্রিমি নাশক।

প্রয়োগরূপ... ... ... মাত্রা।
১। কনফেকশিয়ো টেরেবিন্থিনি ... ... ১—৪ ড্রাম
২। লিনিমেন্টম্ „ ... ...
৩। „ „ এসিটিকম্ ...
৪। এনিমা টেরেবিন্থিনি... ... ...
৫। অঙ্গুয়েন্টম টেরেবিন্থিনি... ...
(২—৫) বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। বিবিধ জ্বর, অতিসার, ধনুষ্টঙ্কার উদরাময়, মৃগী, পুরাতন বাত, রক্তোৎকাশ, রক্ত বমন রক্ত প্রস্রাব, অর্শ হইতে রক্তস্রাব, পুরাতন প্রমেহ, শ্বেত

ক্ষত, এবং বিবিধ আক্ষেপ জনক রোগে আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

[৫ম।]

ল্যাটিন।	ইংরাজী।
রেজিনা।...	...রেজিন্।

(ধুনা।)

ক্রিয়া। উত্তেজক।

প্রয়োগরূপ।

১। এমপ্ল্যাষ্ট্রম্ রেজিনি	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
২। অঙ্গুয়েণ্টম্ রেজিনি	

বাহ্য প্রয়োগার্থ বিবিধ রোগে ব্যবহৃত হয়।

স্নায়বীয় উত্তেজক সকল যথা।——

ঔষধ সকলের নাম।	মাত্রা।
১। টিংচ্যুরা সম্বল...	১০—৩০ মিনিম।
২। „ ভেলিরিয়েনি	॥০—২ ড্রাম।
৩। „ „ এমোনিয়েটা.........	॥০—১ ড্রাম।
৪। „ ক্যাষ্টোরিয়াই	১—৪ ড্রাম।
৫। „ আসা ফেটিডি	$\frac{১}{২}$—২ ড্রাম।
৬। ইনফিউজম ভেলিরিয়েনি	১—২ আউন্স।
৭। „ কফি	২—৪ আউন্স।
৮। এমপ্ল্যাষ্ট্রম্ গ্যালবেনাই	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
৯। „ এমোনিয়েসাই কম্ হাইড্রার্জিরো	
১০। কেম্ফিনা	$\frac{১}{২}$—৫ গ্রেন।

১১। কেফিনা সাইট্রাস ... ... ||০—৫ গ্রেন।
১২। ,, হাইড্রো ব্রোমাস ... ... ||০—৫ গ্রেন।
১৩। ,, ভেলিরিয়েনাস ... ... ||০—৩ গ্রেন।
১৪। ,, সোডি স্যালিসিলাস ... ১—৪ গ্রেন } হাইপডার্মিক ব্যবহার্য্য}
১৫। এমোনায়েকম্ ... ... ৫—৩০ গ্রেন
১৬। মিশ্চুরা এমোনিয়েসাই ... ... ১—২ আউন্স
১৭। এমিল নাইট্রাস্ .. .. ||০—১ মিনিম
১৮। পাইলুলা আসাফেটীডি কম্পজিটা ৫—২০ গ্রেন
১৯। এনিমা আসাফেটীডা ... ... বাহ্য প্রয়োগার্থ
২০। আসাফেটীডা .. .. ৫—২০ গ্রেন
২১। স্পিরিটস্ এমোনি ফেটীডস্ ... ... ||০—১ ড্রাম
২২। কফিয়া ... . ১০—৩০ গ্রেন
২৩। গ্যালবেনম ... ... ১০—২০ গ্রেন
২৪। স্যাগাপিনম্ ... ... ১০—৩০ গ্রেন
২৫। সম্বল রেডিক্স্ ... ... ১০—২০ গ্রেন
২৬। ভেলিরিয়েনি রেডিক্স্ ... ... ১০—৩০ গ্রেন
২৭। সোডি ভেলিরিয়েনাস্ ... .. ১—৫ গ্রেন
২৮। ক্যাষ্টোরিয়ম্ ... ... ১৬—৬০ গ্রেন

স্নায়বীয় উত্তেজক সকলের বিবরণ।

(১ম)

ল্যাটিন। ইংরাজী

এমোনায়েকম্। ... ... এমোনায়াক

[ডোরিমা এমোনায়েকম বৃক্ষের ধুনাযুক্ত রস।]

মাত্রা ৫—৩০ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, কফনিঃসারক, আক্ষেপ নিবারক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। এমপ্লাষ্ট্রম এমোনায়েসাই কম হাডার্জিরো। } বাহ্য প্রয়োগার্থ।

২। মিশ্চ্যুরা এমোনায়েসাই... ... ...১—২ আউন্স।
আময়িক প্রয়োগ। শ্বাসকাশ এবং পুরাতন কাশরোগে আভ্যন্তরিক এবং বিবিধ রোগে ইহার পলস্ত্রা লাগান যায়।

[২য়]

লাটিন। ইংরাজী।
অ্যাসাফেটিডা। ... ... অ্যাসাফোটিডা।

[হিঙ্গু]

নার্থেক্স অ্যাসাফেটিডা নামক বৃক্ষের গঁদ ও ধুনাযুক্ত রস।

মাত্রা ৫—২০ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, আক্ষেপ নিবারক, কফনিঃসারক, বায়ুনাশক, রজোনিঃসারক, কৃমি নাশক।

প্রয়োগরূপ··· ··· ··· ··· ··· ···মাত্রা।
১। টিংচ্যুরা অ্যাসাফেটিডি··· ··· ···||০—২ ড্রাম।
২। স্পিরিটস অ্যাসাফেটিডি ··· ··· ||০—১ ড্রাম।
৩। পাইল্যুলা অ্যাসাফেটিডি··· ··· ···৫—২০ গ্রেন।
৪। এনিমা অ্যাসাফেটিডি ··· ··· (বাহ্য প্রয়োগার্থ)
আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, শ্বাসকাশ, মৃগী, কোরিয়া, উদরাধ্মান, হুপিংকফ, শৈশবাবস্থায় দন্ত উঠিবার সময় আক্ষেপ, এবং কৃমি রোগে।

[৩য়]

লাটিন। ইংরাজী।
ভেলিরিয়েনি রেডিক্স। ... ... ভেলিরিয়েন রুট।

ভেলিরিয়েনা অফিসিনেলিস বৃক্ষের কন্দ।

ইউরোপ খণ্ডে জন্মে।

চূর্ণমাত্রা ১০—৩০ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, আক্ষেপ নিবারক, অধিকমাত্রায় শিরঃপীড়া, শিরোঘূর্ণন, বিবমিসা, ও অস্থিরতা উপস্থিত করে।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। টিংচ্যুরা ভেলিরিয়েনি ... . ||০—২ ড্রাম।
২। „ „ এমোনিয়েটা, ... ||০—১ ড্রাম।

৩। ইনফিউজম ভেলিরিয়েনি ... ... ১—২ আউন্স।
আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, মৃগী, কোরিয়া, ফুস্‌ফুস্‌ প্রদাহ, এবং টাইফয়েড জ্বর রোগে।

[৪র্থ]

ল্যাটিন। ইংরাজী।
সোডি ভেলিরিয়েনাস্‌। ... ভেলিরিয়েনেট্‌ অব্‌ সোডা।

মাত্রা ১—৫ গ্রেন।

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপ নিবারক।
জিনসাই ভেলিরিয়েনাস্‌ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

[৫ম]

ল্যাটিন। ইংরাজী।
মস্কস্‌। ... ... মস্ক।

[মৃগনাভি।]

মাত্রা ৫—১০ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, আক্ষেপ নিবারক, ঘর্ম্মকারক, মূত্রকারক, কামোদ্দীপক, বায়ুনাশক, অধিক মাত্রায় মাদক।
প্রয়োগরূপ... .. ..মাত্রা।
১। টিংচ্যরা মস্কস্‌... ... ...১০—৩০ মিনিম।
আময়িক প্রয়োগ। কোরিয়া, ধনুষ্টঙ্কার, হিষ্টিরিয়া, গাউট, মৃগী, হিক্কা, হুপিংকফ, এরিসিপেলাস, টাইফস, টাইফয়েড ও অন্যান্য জ্বর, যক্ষ্মা, শ্বাসকাশ, ফুসফুস প্রদাহ, বমন নিবারনার্থ বিসুচিকা রোগে, এবং বিবিধ কাশ ও আক্ষেপ জনক রোগে ব্যবহৃত হয়।

মাস্তিষ্ক উত্তেজক সকল যথা—

ঔষধ সকলের নাম।	মাত্রা।
১। টিংচ্যুরা ক্যানেবিস্‌ ইণ্ডিসি... ...	৫—৩০ মিনিম।
২। ,, হাইওসিয়েমাই	১০—৬০ মিনিম।
৩। ,, ওপিয়াই	৫—৪০ মিনিম।
৪। ,, ,, এমোনিয়েটা... ...	॥০—১ ড্রাম।

৫। টিংচ্যুরা ষ্ট্র্যামোনিয়াই ... ... ৫—২০ মিনিম।
৬। " ক্যাম্ফোরি কম্পজিটা ... ॥০—২ ড্রাম।
৭। " বেলাডোনি ... ... ৫—৩০ মিনিম।
৮। " আর্ণিসি ... ... ॥০—২ ড্রাম।
৯। একষ্ট্রাক্টম্ ক্যানেবিস্ ইণ্ডিসি... .. $\frac{১}{৪}$-১গ্রেন।
১০। " হাইওসায়েমাই ... ... ৫—১০ গ্রেন।
১১। " ওপিয়াই ... ... $\frac{১}{৪}$—১ গ্রেন।
১২। " " লিকুইড্ ... ৫—৪০ মিনিম।
১৩। " বেলাডোনি ... ... $\frac{১}{৪}$—১ গ্রেন।
১৪। " ষ্ট্র্যামোনিয়াই ... .।০—১ গ্রেন।
১৫। " পাপেভারিস্ ... ... ২—৫ গ্রেন।
১৬। স্পিরিটস্ ইথারিস্ ... ... ২০—৬০ মিনিম।
১৭। " ক্যাম্ফোরি ... ... ১০—৬০ মিনিম।
১৮। " ভাইনম্ গ্যালিসাই ... ১—৮ ড্রাম।
১৯। " রেক্টিফিকেটস্ ... ১০—১৫ মিনিম।
২০। " টেনিয়র্ ... ... ১—৪ ড্রাম।
২১। ভাইনম্ ওপিয়াই... ... ...৫—৪০ মিনিম।
২২। " সেরি ... ... ১—৪ ড্রাম।
২৩। সিরপস্ পাপেভারিস্ ... ... ১—২ ড্রাম।
২৪। " রিয়াডস্ ... ... ॥০—১ ড্রাম।
২৫। সক্কস্ বেলাডোনি... ... ...৫—১৫ মিনিম।
২৬। " হাইওসায়েমাই ... ... ॥০—১ ড্রাম।
২৭। ফোলিয়ো হাইওসায়েমাই .. ... ৫—১০ গ্রেন।
২৮। " বেলাডোনি ... ... ১—৫ গ্রেন।
২৯। " ষ্ট্র্যামোনিয়াই... ... ...১—৩ গ্রেন।

৩০। এমপ্লাষ্ট্রম্ ওপিয়াই ... ...
৩১। ,, বেলাডোনি ... ...
৩২। ,, ষ্ট্র্যামোনিয়াই ...
৩৩। ক্যাটেপ্লাজমা ষ্ট্র্যামোনিয়াই ... ...
৩৪। ,, ফর্ম্মেণ্টাই ... ...
৩৫। লিনিমেণ্টম্ ক্যাম্ফোরি ... ...
} বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

৩৬। ,, ,, কম্পজিটা ...
৩৭। ,, বেলাডোনি ... ...
৩৮। ,, ওপিয়াই ... ...
৩৯। ,, এট্রোপি ... ...
} বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

৪০। অঙ্গুয়েণ্টম্ এট্রোপি ... ...
৪১। ,, বেলাডোনি ... ...
} বাহ্য প্রয়োগার্থ।

৪২। পল্‌বিস্ ওপিয়াই কম্পজিটস্ ... ... ২—৫ গ্রেন।

৪৩। ,, ওপিয়াই ... ... $\frac{১}{৪}$ ...২ গ্রেন।

৪৪। ,, ক্রিটি এরোমেটিক কম্ ওপিও ১০—৪০ গ্রেন।

৪৫। ,, ইপিকাকুয়ানি কম্পজিটস্ ... ৫—১০ গ্রেন।

৪৬। ,, কাইনো কম্পজিটস্ ... ৫—২০ গ্রেন।

৪৭। পাইল্যুলা ইপিকাকুয়ানি কম্ শিলা ..৫—১০ গ্রেন।

৪৮। ,, স্যাপনিস কম্পজিটা ... ... ২—৫ গ্রেন।

৪৯। ,, প্লম্বাই কম্ ওপিও ... .. ৪—৮ গ্রেন।

৫০। ট্রোচিসাই মর্ফি ... ... ১—৫ চাক্তি

৫১। ,, ,, এট ইপিকাকুয়ানি...১—৬ চাক্তি।

৫২। ,, ওপিয়াই... ... ...১—৬ চাক্তি।

৫৩। মর্ফিয়া হাইড্রো ক্লোরাস্ ...
৫৪। ,, এসিটাস্ ... ...
} $\frac{১}{৮}$—॥৹ গ্রেন।

৫৫। লাইকর মর্ফি হাইড্রো ক্লোরাস্
৫৬। ,, ,, এসিটাস্ ...
} ১০-৬০ মিনিম।

৫৭। লাইকর্ এট্রোপি সল্ফেটিস্ } ...১—৪ মিনিম।
৫৮। ,, এট্রোপি... ... ... }
৫৯। সপোজিটোরিয়া মর্ফি ... ... { বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
৬০। ,, ,, কম্সেপনি
৬১। ,, প্লম্বাই কম্পজিটা... ...
৬২। এট্রোপি... ... ... { $\frac{১}{১২০}$—$\frac{১}{৬০}$ গ্রেন।
৬৩। ,, সল্ফেটিস্... ...
৬৪। এনিমা ওপিয়াই... ... ... (বাহ্য প্রয়োগার্থ।)
৬৫। কনফেক্সিয়ো ওপিয়াই... ... ...৫—২০ গ্রেন।
৬৬। ডিকক্টম্ পাপেভারিস্ ... (বাহ্য প্রয়োগার্থ।)
৬৭। আর্ণিসি রেডিক্স্ ... ... ৫—২০ গ্রেন।
৬৮। ক্যাম্ফোরা ... ... ১—১০ গ্রেন।
৬৯। ,, মান্ব্রোমেটা ... ... ২—৫ গ্রেন।
৭০। একোয়া ক্যাম্ফোরি ... ... ১—২ আউন্স।
৭১। সেরেভাইসি ফার্মেণ্টম্... ... ... ২—৮ গ্রেন।
৭২। ইঞ্জেকসিয়ো মর্ফি হাইপডার্ম্মিকা ১—৬ মিনিম। হাইপোডার্ম্মিকব্যবহার্য্য।

মাস্তিষ্ক উত্তেজক ঔষধ সকলের বিবরণ।

(১ম)

ল্যাটিন। ইংরাজী।
ইথর্। ... ... ইথর্।

আলকোহল হইতে প্রস্তুত হয়।
মাত্রা ২০—৬০ মিনিম।

ক্রিয়া। ব্যাপ্ত উত্তেজক, মাদক, স্পর্শহারক, আক্ষেপ নিবারক।

প্রয়োগরূপ। ... ... মাত্রা।
১। স্পিরিট্স্ ইথরিস্... ... ... } ॥০—১ ড্রাম।
২। ,, ,, কম্পজিটস্...}

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, মৃগী, ধনুষ্টঙ্কার, শিরঃপীড়া কর্ণবেদনা, হিক্কা নিবারণার্থ, শ্বাসকাস, বিসূচিকা, জ্বর, অন্ত্রপ্রদাহ, অন্ত্রবেদনা, গর্ব্ভবেদনা, পাকাশয়, মূত্রাশয় ও

অন্ত্রাক্ষেপ, অস্ত্র চিকিৎসার যন্ত্রণা নিবারণার্থ, এবং অন্যান্য বিবিধ রোগে ব্যবহৃত হয়।

[২য়]

ল্যাটিন। ইংরাজী।

আর্নিসি রেডিক্স্। ... ... আর্নিকারূট্।

আর্নিকা মল্টানা বৃক্ষের শুষ্ক মূল।

ইউরোপ, এসিয়া ও আমেরিকা খণ্ডে জন্মে।

চূর্ণ মাত্রা ৫—২০ গ্রেন।

ক্রিয়া। মাস্তিষ্ক উত্তেজক, মাদক, ঘর্ম্মকারক, মূত্রকারক, অধিক মাত্রায় শিরঃপীড়া, শিরোঘূর্ণন, আক্ষেপ ও অচৈতন্য উপস্থিত করে।

প্রয়োগরূপ... .. . . মাত্রা।

১। টিংচ্যুরা আর্নিসি... .. ..॥০—২ ড্রাম

আময়িক প্রয়োগ। উৎকট জ্বর, বিবিধ পক্ষাঘাত এবং আভিঘাতিক ক্ষতে।

(৩য়)

ল্যাটিন। ইংরাজী।

বেলাডোনি। .. .. বেলাডোনা।

এট্রোপি বেলেডোনা নামক বৃক্ষের সরস বা শুষ্কপত্র এবং তরুণ শাখা ও মূল।

চূর্ণ মাত্রা ।০—২ গ্রেন।

ক্রিয়া। নিদ্রাকারক, মূত্রকারক, আক্ষেপ নিবারক, মাদক, স্নায়বীয় ও মাস্তিষ্ক উত্তেজক, বেদনা নিবারক, বাহ্য প্রয়োগে স্পর্শহারক, বেদনা নিবারক।

প্রয়োগরূপ..: ... ...মাত্রা।

১। টিংচ্যুরা বেলাডানি... ... ... ৫—৩০ মিনিম

২। লিনিমেণ্টম্ বেলাডানি... ... (বাহ্য প্রয়োগার্থ।

৩। এক্ষ্ট্রাক্টম্ বেলাডানি... ... ... ।০—১ গ্রেন

৪। সক্কস্ বেলাডানি .. ..৫—১৫ মিনিম

৫। এমপ্ল্যাষ্ট্রম্ বেলাডানি } ...বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত
৬। অঙ্গুয়েন্টম্ বেলাডানি } হয়।

আময়িক প্রয়োগ। আক্ষেপজনক রোগ, নিউর্যালজিয়া, শিরঃশূল, পক্ষাঘাত, মৃগীরোগ, হুপিংকফ, আর্মোরোসিস, ক্যান্সরক্ষত, ডিস্মেনোরিয়া, জ্বররোগ, চক্ষুতারা সঙ্কুচিতা হইলে, সায়টিকা, অর্শ, অর্কাইটিস, ফাইমোসিস, প্যারা-ফাইমোসিস, কর্ডি, স্ক্রফিউলা, অ্যাজমা, কোরিয়া, হিষ্টিরিয়া, বিবিধ বেদনা জনক রোগে, পারদ দ্বারা মুখ আসিলে।

(৪র্থ)

এট্রোপি। ... ... এট্রোপিয়া।

বেলাডোনা হইতে প্রস্তুত।

মাত্রা $\frac{১}{১২০}$ হইতে $\frac{১}{৬০}$ গ্রেন।

আভ্যন্তরিক প্রযোগ হয় না।

ক্রিয়া। বেলেডোনার ন্যায়, কিন্তু তদপেক্ষা এত প্রবল যে আভ্যন্তরিক প্রয়োগ হয় না। কনিনীকা প্রসারণার্থ বেলাডোনা অপেক্ষা অধিক উপযোগী।

প্রয়োগরূপ ... ...মাত্রা।

১। লাইকর্ এট্রোপি ... ... } ১—৪ মিনিম।
২। ,, ,, সলফেটিস }
৩। অঙ্গুয়েণ্টম্ এট্রোপি ... ... (বাহ্য প্রয়োগার্থ।)
৪। এট্রোপি সলফাস্ ... ... $\frac{১}{১২০}$—$\frac{১}{৬০}$ গ্রেন।

আময়িক প্রয়োগ। বেলাডোনার ন্যায়।

(৫ম)

ল্যাটিন। ইংরাজী।

ক্যাম্ফোরা। ... ... ক্যাম্ফর।

(কর্পূর।)

ক্যাম্ফোরা অফিসেনেলিস বৃক্ষের বায়িতৈল।

মাত্রা ১—১০ গ্রেন।

ক্রিয়া। মাস্তিষ্ক উত্তেজক, আক্ষেপনিবারক, বেদনা নিবারক, নিদ্রাকারক, স্বেদজনক, জননেন্দ্রিয়ের উগ্রতাহারক, বাহ্য প্রয়োগে প্রত্যুগ্রতা সাধক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। টিংচ্যুরা ক্যাম্ফোরি কম্পজিটা ... ... ॥০—২ ড্রাম।
২। স্পিরিটস্ ক্যাম্ফোরি... ... ...১০—৬০ মিনিম।
৩। একোয়া ক্যাম্ফোরি ... ... ১—২ আউন্স।
৪। লিনিমেণ্টম্ ক্যাম্ফোরি... ... ... } বাহ্য প্রয়োগার্থ
৫। „ „ কম্পজিটা... } ব্যবহৃত হয়।
৬। „ সেপোনিস্... ... ... }
৭। ক্যাম্ফোরা মানব্রমেটা ... ... ২—৫ গ্রেন।
আময়িক প্রয়োগ। টাইফস্ ও টাইফয়েড্ প্রভৃতি জ্বর রোগে, গাউট, বাত, ফুসফুস ও মুত্রযন্ত্র প্রভৃতি যান্ত্রিক প্রদাহে, কষ্টরজ, উন্মত্ততা, কামোন্মাদ, কর্ডি, শুক্রমেহ, কোরিয়া, হিষ্টিরিয়া, ও মৃগী রোগে, স্নায়বীয় শিরঃপীড়া, হুপিংকফ, শ্বাসকাশ, কনফ্লুয়েণ্ট স্মল্পক্স্, প্রভৃতি রোগে।

[৬ষ্ঠ]

ল্যাটিন। ইংরাজী।
ক্যানেবিস্ ইণ্ডিসি। .. .. ইণ্ডিয়ান হেম্প।

[গাঁজা।]

ক্যানেবিস্ সেটাইভা বৃক্ষের মঞ্জরিত শাখাগ্র।
ভারতবর্ষ, ইউরোপ, এবং পারস্য প্রভৃতি স্থানে জন্মে।
ক্রিয়া। আক্ষেপ নিবারক, মাদক, নিদ্রাকারক, মাস্তিষ্ক উত্তেজক, কামোদ্দীপক, বেদনা নিবারক, জরায়ু সঙ্কোচক।
প্রয়োগরূপ... ... ...মাত্রা।
১। টিংচ্যুরা ক্যানেবিস্ ইণ্ডিসি... ... ৫—৩০ মিনিম।
২। এক্ষ্ট্রাক্টম্ ক্যানেবিস্ ইণ্ডিসি... .. ।০—২ গ্রেন।
আময়িক প্রয়োগ। ধনুষ্টঙ্কার, জলাতঙ্ক, বিসূচিকা, মদাতঙ্ক, শিরঃপীড়া, হুপিংকফ, শ্বাসকাস, উন্মাদরোগ, রক্তপ্রস্রাব, প্রমেহ, বাত ও স্নায়শূল, রজোকৃচ্ছ, জরায়ুর শিথিলতা প্রযুক্ত প্রসব বিলম্ব হইলে, এবং জরায়ু হইতে রক্তস্রাব হইলে।

(৭ম)

ল্যাটিন। ইংরাজী।

হাইয়ো সায়েমাই ফোলিয়া। হাইয়ো সায়েমস্ লিভস্।

(হাইয়ো সায়েমস্ নাইগর বৃক্ষের সরস এবং শুষ্কপত্র ও তরুণ শাখাগ্র।)

ক্রিয়া। বেদনা নিবারক, মাদক, কনীনিকা প্রসারক, মাস্তিষ্ক উত্তেজক, অবসাদক, আক্ষেপ নিবারক, নিদ্রাকারক, ঈষৎ সঙ্কোচক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। টিংচ্যুরা হাইয়ো সায়েমাই ... ... ২০—৬০ মিনিম।

২। এক্স্ট্রাক্টম্ হাইয়ো সায়েমাই ... ...৫—১০ গ্রেন।

৩। সক্কস্ হাইয়ো সায়েমাই ... ... ‖০—১ ড্রাম।

আময়িক প্রয়োগ। মেনিয়া, নিউর‍্যালজিয়া, গাউট, রিউমেটিজম্, অ্যাজ্‌মা, অর্শ, মিল্ক অ্যাবসেস্, সিষ্টাইটিস, নিফ্রাইটীস্, এবং বিরেচক ঔষধাদির উগ্রতা হ্রাস করণার্থ।

[৮ম]

ল্যাটিন। ইংরাজী।

ওপিয়াই। ... ... ওপিয়ম্।

(অহিফেন।)

পাপেবর সমনিফিরম ঔষধির অপক্ক ফল বা ঢেড়ির দুগ্ধবৎরস।

মাত্রা ।০—২ গ্রেন।

ক্রিয়া। উত্তেজক, ধারক, মাদক, বেদনা নিবারক, স্পর্শ হারক, পর্য্যায় নিবারক, স্বেদজনক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। টিংচ্যুরা ওপিয়াই ... ... ৫—৪০ মিনিম।

২। „ ক্যাম্ফোরি কম্পজিটা ... ... ‖০—২ ড্রাম।

৩। „ ওপিয়াই এমোনিয়েটা... ...‖০—১ ড্রাম।

৪। পল্‌বিস্ ইপিকাকুয়ানি কম্পজিটস্... ৫—১০ গ্রেন।

৫। পল্‌বিস্‌ কাইনো কম্পজিটস্‌ ... ... ৫—২০ গ্রেন।
৬। „ ওপিয়াই কম্পজিটস্‌ ... ... ২—৫ গ্রেন।
৭। „ ক্রিটি এরোমেটিক্‌স্‌ কম্‌ ওপিয়ো ১০—৪০ গ্রেন।
৮। পাইলুলা ইপিকাকুয়ানি কম্‌সিলা ... ৫—১০ গ্রেন।
৯। „ প্লম্বাই কম্‌ ওপিয়ো ... ... ৪—৮ গ্রেন।
১০। „ সেপনিস্‌ কম্পজিটা ... . ২—৫ গ্রেন।
১১। এক্‌ষ্ট্রাক্টম্‌ ওপিয়াই ... . ।০—১ গ্রেন।
১২। „ „ লিকুইডম্‌ ... ৫—৪০ মিনিম।
১৩। ভাইনম্‌ ওপিয়াই ... ... ৫—৪০ মিনিম।
১৪। কন্‌ফেক্‌শিয়ো ওপিয়াই ... ... ৫—২০ গ্রেন।
১৫। ট্রোচিসাই ওপিয়াই ... ... ১—৬ চাক্তি।
১৬। এম্‌প্লাষ্ট্রম্‌ ওপিয়াই ... ...
১৭। লিনিমেণ্টম্‌ ওপিয়াই ... ...
১৮। অঙ্গুয়েণ্টম্‌ গ্যালি কম্‌ ওপিয়ো ... বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
১৯। এনিমা ওপিয়াই ... .
২০। সপোজিটোরিয়া প্লম্বাই কম্পজিটা ...

আময়িক প্রয়োগ। উদরাময়, অতিসার, পাইরোসিস্‌ বাত রোগ, গাউট, মূত্র ও মধুমেহ, প্রমেহ, ধনুষ্টঙ্কার বিবিধ আক্ষেপজনক রোগ, স্প্যাজমডিক ষ্ট্রিক্‌চার, সীসশূল, কাশ রোগ, সপর্য্যায় রোগ, টাইফস্‌ জ্বর, বেদনাজনক রোগ, প্রাদাহিক জ্বর রোগ, সূতিকা উন্মাদ, এণ্টেরাইটিস্‌, গ্যাষ্ট্রো-ইটিস্‌ পেরিটো নাইটিস্‌, একিউট্‌ সিষ্টাইটিস্‌, ইণ্টাস্‌, সসেপ্‌সন্‌, মদাতঙ্ক, উন্মাদরোগ, ষ্ট্র্যাঙ্গুলেটেড্‌ হার্ণিয়া, অনিদ্রা, বমন ও হিক্কানিবারণার্থ, মূত্র ও পিত্ত প্রণালী প্রভৃতিতে পাথরি থাকিলে, জরায়ু হইতে রক্তস্রাব হইলে, গর্ব্ভস্রাবের উপলক্ষ হইলে, প্রসবান্তে হেতাল ব্যাথা ও

স্নায়ুশূল রোগে আভ্যন্তরিক, এবং সোরায়েসিস্, হার্পিস্, বিবিধ পচা ও দুষ্ট ক্ষতে স্থানিক ব্যবহৃত হয়।

লাটিন। [৯ম] ইংরাজী।

মর্ফিয়া হাইড্রো ক্লোরাস। হাইড্রো ক্লোরেট্ অব্ মর্ফিয়া।

(অহিফেন হইতে প্রস্তুত।)

মাত্রা $\frac{১}{৮}$ হইতে $\frac{১}{২}$ গ্রেন।

ক্রিয়া। মাস্তিষ্ক উত্তেজক, মাদক, আক্ষেপনিবারক, ঘর্ম্মকারক, বেদনানিবারক, নিদ্রাকারক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। লাইকর্ মর্ফি হাইড্রো ক্লোরেটিস্ ... ১০—৬০ মিনিম।

২। ট্রোচিসাই মর্ফি ... ... ১—৫ চাক্তি।

৩। „ „ এট্ ইপিকাকুয়ানি ১—৬ চাক্তি।

৪। সপোজিটোরিয়া মর্ফি ... ... } বাহ্য প্রয়োগার্থ

৫। „ „ কম্ সেপনি ... } ব্যবহৃত হয়।

৬। ইঞ্জেক সিয়ো মর্ফি হাইপো ডার্মিকা }

আময়িক প্রয়োগ। বিবিধ অস্ত্রাঘাতাদির পর অনিদ্রা, যন্ত্রনাজনক রোগ, প্রবল উন্মাদ, মদাতঙ্ক, কোরিয়া, শ্বাসকৃচ্ছ, বিসূচিকা, রক্তোৎকাশ, গর্ভাবস্থায় বমন, ও অন্যান্য দুর্দ্দম বমনাদি রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ অপেক্ষা হাইপোডার্মিক ইঞ্জেকশন অধিক ব্যবহৃত হয়।

(১০ম)

ল্যাটিন। ইংরাজী।

মর্ফিয়া অ্যাসিটাস্। ... ... এসিটেট্ অব্ মর্ফিয়া।

(অহিফেন হইতে প্রস্তুত।)

মাত্রা $\frac{১}{৮}$ হইতে ৷৷০ গ্রেন।

ক্রিয়া। মস্তিষ্ক উত্তেজক, মাদক।

প্রয়োগরূপ। ... ...মাত্রা।

১। লাইকর্ মর্ফি এসিটেটিস্ ... ... ১০—৬০ মিনিম।

আময়িক প্রয়োগ। হাইড্রোক্লোরেট্ অব্ মর্কিয়ার ন্যায়।

(১১শ)

ল্যাটিন। ইংরাজী।

ষ্ট্র্যামোনিয়াই ফোলিয়া } এটসেমিনা } ষ্ট্র্যামোনিয়ম্ } লিভস্ এণ্ডসিড্স্ }

(ধুস্তর পত্র এবং বীজ।)

ক্রিয়া। অবিকল বেলাডোনার ন্যায়।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। একষ্ট্রাক্টম্ ষ্ট্র্যামোনিয়াই ... ... ।০—১ গ্রেন।

২। টিংচ্যুরা ষ্ট্র্যামোনিয়াই ... ... ৫—২০ মিনিম।

আময়িক প্রয়োগ। অ্যাজমা, মেনিয়া, মৃগী, কোরিয়া, গ্যাষ্ট্রোডিনিয়া, রিউমেটিজম, গাউট, নিউর্যালজিয়া, গিনি ওয়ার্ম্, একজীমা প্রভৃতি রোগে।

(১২শ)

ল্যাটিন। ইংরাজী।

প্যাপেভেরিস্ ক্যাপসিউলি। ... ... পপি ক্যাপসিউল।

(পোস্তের ঢেড়ি।)

ক্রিয়া। অহিফেণের ন্যায় কিন্তু তদপেক্ষা অনেক মৃদু।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। ডিকক্টম্ প্যাপেভেরিস্ ... ... বাহ্য প্রয়োগার্থ

২। সিরপস্ প্যাপেভেরিস্ ... ... ১—২ ড্রাম।

৩। একষ্ট্রাক্টম্ প্যাপেভেরিস্ ... ...২—৫ গ্রেন।

আময়িক প্রয়োগ। বেদনা, কাশের উগ্রতা ও আক্ষেপ নিবারণার্থ ব্যবহার্য্য।

কশেরুকা মজ্জের উত্তেজক ঔষধ সকল যথা;—

ঔষধ সকলের নাম। ... ... মাত্রা।

১। ষ্ট্রিক্নি... ... ... $\frac{১}{৩০}$—$\frac{১}{১২}$ গ্রেন।

২। ষ্ট্রিক্‌নি এসিটাস্		
৩। ,, সল্‌ফাস্	} $\frac{১}{২৪}$—$\frac{১}{১০}$ গ্রেন	
৪। ,, নাইট্রাস্		
৫। ,, সল্‌ফাস্ এসিডা ...		
৬। ফেরি এট ষ্ট্রিক্‌নি সাইট্রাস্	৩—৮ গ্রেন।	
৭। ,, কুইনাইন এটষ্ট্রিক্‌নি সাইট্রাস্	৩—১০ গ্রেন।	
৮। লাইকর্ ষ্ট্রিক্‌নি	৪—১০ মিনিম।	
৯। টিংচ্যুরা নিউসিস্ ভমিসি	৫—২০ মিনিম।	
১০। এক্‌ষ্ট্রাক্টম্ নিউসিস্ ভমিসি	।০—২ গ্রেন।	
১১। নক্সভমিকা	।০—২।৩ গ্রেন।	
১২। ব্রুসিয়া	$\frac{১}{১৬}$—$\frac{১}{২}$ গ্রেন।	

কশেরুকা মজ্জের উত্তেজক
ঔষধ সকলের বিবরণ।

[১ম]

ল্যাটিন। ইংরাজী।
নিউশেষ ভমিসি ... ... নক্সভমিকা।

(কুঁচিলা।)

ষ্ট্রিক্‌নস নক্সভমিকা নামক বৃক্ষের বীজ। ভারতবর্ষ এবং সমুদ্রস্থ উপদ্বীপে জন্মে।

চূর্ণ মাত্রা ।০—২।৩ গ্রেন।

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, কামোদ্দীপক, উত্তেজক, মাদক, মূত্রকারক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। টিংচ্যুরা নিউসিস্ ভমিসি... ... ৫—২০ মিনিম।
২। এক্‌ষ্ট্রাক্টম্ নিউসিস্ ভমিসি ... .. ।০—২ গ্রেন।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, গাউট, বাত, উদরাময়, অতিসার, কোরিয়া, নিউর‍্যালজিয়া, হেমিপ্লেজিয়া, প্যারাপ্লিজিয়া, সীসশূল, বিবিধ পক্ষাঘাত প্রভৃতি রোগে।

[২য়]

ল্যাটিন। ইংরাজী।

ষ্ট্রিক্‌নি ... ... ষ্ট্রিক্‌নিয়া।

[কুঁচিলার বীর্য্য।]

মাত্রা $\frac{১}{৩০}$ হইতে $\frac{১}{১২}$ গ্রেন।

ক্রিয়া। নক্স ভমিকার ন্যায়।

প্রয়োগরূপ ... . মাত্রা।

১। লাইকর্ ষ্ট্রিক্‌নি ... . ৪—১০ মিনিম।

২। ফেরিএট্ ষ্ট্রিক্‌নি সাইট্রাস্ . ... ৩—৮ গ্রেন।

৩। „ কুইনাইন্‌এট ষ্ট্রিক্‌নি সাইট্রাস্ ৩—১০ গ্রেন।

৪। ষ্ট্রিক্‌নি সাইট্রাস্ ... ...
৫। „ এসিটাস্ ... ...
৬। „ সলফাস্ .. ..
৭। „ „ এসিডা ...
} $\frac{১}{২৪}$—$\frac{১}{১০}$ গ্রেন।

আময়িক প্রয়োগ। কুচিলার ন্যায়।



সপ্তম অধ্যায়।

ধামনিক অবসাদক ঔষধ সকল যথা——

ঔষধ সকলের নাম।	মাত্রা।
১। এসিডম্ এসিটিকম্	৩—১৫ মিনিম।
২। ,, ,, ডাইলিউটম্	॥০—২ ড্রাম।
৩। ,, সাইট্রিকম্	১০—৩০ গ্রেন।
৪। ,, অকজ্যালিকম্	॥০—২ গ্রেন।
৫। ,, টার্টারিকম্	১০—৩০ গ্রেন।
৬। এণ্টিমনিয়াই টার্টারেটম্ ...	$\frac{১}{১৬}$—২ গ্রেন।
৭। ,, অক্সাইডম্	১—৪ গ্রেন।
৮। ,, সলফিউরেটম্	১—৪ গ্রেন।
৯। ,, টার্টারেটাই লাইকর ...	৫—৬০ মিনিম।
১০। ভাইনম এণ্টিমোনিয়েলিস্ ...	৫—৬০ মিনিম।
১১। একনাইসিয়া	$\frac{১}{২৪০}$—$\frac{১}{৬০}$ গ্রেন।
১২। অঙ্গুয়েণ্টম একোনাইসি	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত।
১৩। ,, এণ্টিমোনিয়াই টার্টারেটাই	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত।
১৪। পলবিস্ এণ্টিমোনিয়েলিস্ ...	৩—১০ গ্রেন।
১৫। সিরপস্ লিমোনিস্	১—৪ ড্রাম।
১৬। সক্কস্ লিমোনিস্	২—৮ ড্রাম।
১৭। অকজিমেল	১—৮ ড্রাম।
১৮। পটাসি নাইট্রাস	৫—২০ গ্রেন।
১৯। একোনাইটম্	১—২ গ্রেন।
২০। টিংচ্যুরা একোনিটাই	৫—১৫ মিনিম।
২১। লিনিমেণ্টম একোনিটাই ...	[বাহ্য প্রয়োগার্থ]

ধামনিক অবসাদক ঔষধ সকলের বিবরণ।

[১ম]

ল্যাটিন। ইংরাজী।

এসিডম এসিটিকম ... ... এসিটিক্ এসিড্।

[সির্কাম্ল]

মাত্রা ৩—১৫ মিনিম।

ক্রিয়া। জল মিশ্রিত করিয়া সেবন করিলে, ধামনিক অবসাদক, শৈত্য কারক, সঙ্কোচক, আগ্নেয়, ক্বচিৎ মূত্র-কারক, স্বেদ জনক। স্থানিক প্রয়োগে ফোস্কা কারক, দাহক, চর্ম্ম প্রদাহক, উগ্রতা সাধক, দুর্গন্ধ হারক, পচন নিবারক।

প্রয়োগরূপ। ... ... মাত্রা।

১। এসিডম্ এসিটিকম ডাইল্যুটম্ ... ॥০—২ ড্রাম।

২। অকজিমেল ... ... ১—৮ ড্রাম।

৩। এসিডম্ এসিটিকম্ গ্ল্যাসিয়েল ... ২—৫ মিনিম।

আময়িক প্রয়োগ। আঁচিল, দদ্রু, সোরায়েসিস, পোরা-ইগো, কড়ুল, কড়া, ভিনিরিয়েলভেজিটেসন, শ্বাসরোধ, শিরঃপীড়া, মস্তিষ্কে রক্তাধিক্য, স্কার্ভি, স্কার্লেটিনা, ক্রনিক-অপথ্যালমিয়া, গ্যাংগ্রিন ও পচা ক্ষত, ঠুনকো, পার্পিউরা চক্ষু মধ্যে চুন লাগিলে জল মিশ্রিত করিয়া ধৌত করিতে, কৃমি জনিত বিসুচিকায়, বিবিধ রক্তস্রাব, এবং যক্ষ্মা প্রভৃতি রোগে।

[২য়]

ল্যাটিন। ইংরাজী।

এসিডম্ সাইট্রিকম্ ... ... সাইট্রিক্ এসিড্।

[জম্বিরাম্ল।]

মাত্রা ১০—৩০ গ্রেন।

ক্রিয়া। শৈত্য কারক, অবসাদক, স্কার্ভিনিবারক, পচন নিবারক।

আময়িক প্রয়োগ। জ্বর ও প্রদাহাদি রোগ এবং স্কার্ভি রোগে।

(৩য়)

ল্যাটিন।	ইংরাজী।
এসিডম টার্টারিকম্	টার্টারিক এসিড।

[দ্রাক্ষাম্ল।]

মাত্রা ১৫—৩০ গ্রেন।

ক্রিয়া। ধামনিক অবসাদক, শৈত্য কারক, পচন নিবারক। আময়িক প্রয়োগ। প্রদাহিক ও জ্বর রোগ, স্কার্ভি, অন্ত্র-মধ্যে অধিক শ্লেষ্মা থাকিলে। এতদ্ভিন্ন ইহা জম্বিরাম্লের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

[৪র্থ]

ল্যাটিন।	ইংরাজী।
সক্কস লিমোনিস্	লেমনজুস।

(জম্বীর রস।)

মাত্রা ২—৮ ড্রাম বা তদূর্দ্ধ।

ক্রিয়া। সর্ব্বমতে জম্বিরাম্লের ন্যায়।

প্রয়োগরূপ	মাত্রা।
১। সিরপস্ লিমোনিস	১—৪ ড্রাম।

আময়িক প্রয়োগ। স্কার্ভি, তরুণ বাত, জ্বর, অতিসার এবং উদরাময় রোগে।

[৫ম]

এণ্টিমনি ধাতু ঘটিত ঔষধ সকল।

ল্যাটিন।	ইংরাজী।
এণ্টিমোনিয়ম্ টার্টারেটম্। ...	টার্টারেটেড্ এণ্টিমোনি।

মাত্রা।
- $\frac{১}{১২}$—$\frac{১}{৮}$ গ্রেন স্বেদ জনক, কফনিঃসারক।
- ১—২ ,, বমন কারক।
- $\frac{১}{৮}$—$\frac{১}{২}$,, বিবমিসা ও অবসাদক।

ক্রিয়া। ধামনিক অবসাদক; শৈত্যকারক, স্বেদজনক, বিব
মিসা জনক, কফনিঃসারক, মূত্র কারক, পরিবর্ত্তক, বমন
কারক, বিরেচক, শোষক, প্রদাহ নাশক, স্থানিক উগ্রত্ব
সাধক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

ভাইনম অ্যান্টি- মোনিয়েলিস্ } ৫-৩০ মিঃ কফনিঃসারক, ঘর্ম্ম কারক।
॥০—২ ড্রাম বিবমিসা জনক্।
২—৪ ড্রাম বমন কারক।

২। অঙ্গুয়েণ্টম এণ্টিমোনিয়াই টার্টারেটাই } (বাহ্য প্রয়োগার্থ)

আময়িক প্রয়োগ। মাদক দ্বারা বিষাক্ত, অন্ত্র প্রদাহ, প্রস
বান্তে স্তন প্রদাহে, রেমিটেণ্ট, ইণ্টর মিটেণ্ট, কণ্টিনিউড
জ্বর, নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস, প্লিবাইটিস, মেনিঞ্জাইটিস
হিপেটাইটিস, প্লুরাইটিস, হিমপ্টিসিস, অ্যারাকাইটিস্
ক্রুপ, হুপিংকফ, ডিপথিরিয়া, আর্টীকুল্যার, রিউমেটিজম,
মদাতঙ্ক, পক্ষাঘাত, উন্মাদ, সুতিকোন্মাদ, হিষ্টিরিয়া, শির
শূল, বাঘি, স্ফীতকোষ, ষ্ট্র্যাঙ্গুলেটেড্ হার্ণিয়া, অপথ্যালমিয়া
ইরিসিপেলাস, সোরায়েসিস্ প্রভৃতি রোগে।

(৬ষ্ঠ)

ল্যাটিন। ইংরাজী।

এণ্টিমোনিয়ম্ অক্সাইডম্ ... অক্সাইড্ অব্ এণ্টিমোনি

মাত্রা। ১—৪ গ্রেন।

ক্রিয়া। টার্টার এমেটিকের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু।

প্রয়োগরূপ। ... ... মাত্রা।

১। পবলিস্ এণ্টিমোনিয়েলিস ... ... ৩—১০ গ্রেন

আময়িক প্রয়োগ। বিবিধ জ্বর রোগে।

(৭ম)

ল্যাটিন। ইংরাজী।

পটাসি নাইট্রাস্ ... . নাইট্রেট্ অব্ পটাস্।

(সোরা বা যবক্ষার।)

মিসর, পারস্য, স্পেন, এবং ভারতবর্ষের মৃত্তিকাতে জন্মে।

মাত্রা। { ৫—২০ গ্রেন শৈত্যকারক, মূত্র কারক। ২০—৬০ গ্রেন ধামনিক অবসাদক। }

ক্রিয়া। অবসাদক, স্বেদ জনক, বেদনা নিবারক, মূত্রকারক, অধিক মাত্রায় বিরেচক, ও বমন কারক।

আময়িক প্রয়োগ। তরুণ ও পুরাতন বাত রোগ, স্কার্ভি, রক্তোৎকাশ, ব্রঙ্কাইটিস্, অ্যাজমা, টনসিলাইটিস, শোথ, জ্বর, মেনিনা, হার্পিজ প্রভৃতি রোগে।

স্নায়বীয় অবসাদক ঔষধ সকল যথা।

ঔষধ সকলের নাম।	মাত্রা।
১। টিংচুরা একোনিটাই	৫—১৫ মিনিম।
২। „ ডিজিটেলিস	১০—৩০ মিনিম।
৩। „ লোবিলি	১০—৬০ মিনিম।
৪। „ „ ইথিরিয়া	১০—৬০ মিনিম।
৫। „ বিরাট্রাই বিরিডিস	৫—১৫ মিনিম।
৬। একষ্ট্রাক্টম একোনিটাই	।০—২ গ্রেন।
৭। ভিরাট্রিম আলবম	১—৫ গ্রেন।
৮। লিনিমেন্টম একোনিটাই	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
৯। এনিমা ট্যাবেসাই	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
১০। অঙ্গুয়েণ্টম একোনাইসি	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
১১। সিমিসিফিউগা	২০—৬০ গ্রেন।
১২। ডিজিটেলিস ফোলিয়ো	॥০—২ গ্রেন।
১৩। „ ইনফিউজম	২—৮ ড্রাম।

১৪। ডিজিটেলাইন ... ... $\frac{১}{৬০}$—$\frac{১}{৩০}$ গ্রেন।
১৫। লোবিলিয়া ... ... ২—৫ গ্রেন।
১৬। একোনাইটম্ ... ... ১—২ গ্রেন।
১৭। একোনাইসিয়া ... ... $\frac{১}{২৪০}$—$\frac{১}{৬০}$ গ্রেন।
১৮। স্যাবেডিলা ... ... ৪—৮ গ্রেন।
১৯। বিরাট্রিয়া ... ... $\frac{১}{৭০}$—$\frac{১}{১৬}$ গ্রেন।
২০। ভাইনম বিরাট্রাই ... ... ৫—২০ মিনিম।
২১। বিরাট্রাই বিরিডিস্ রেডিক্স্ ... ১—২ গ্রেন।

স্নায়বীয় অবসাদক ঔষধ
সকলের বিবরণ।
[১ম]

ল্যাটিন। ইংরাজী।
একোনাইটম্। ... ... একোনাইট।

একোনাইটম্ নেপেলস নামক ঔষধির
মূল, সরসপত্র এবং পুষ্প।
চূর্ণ মাত্রা ১—২ গ্রেন। }
প্রায় ব্যবহৃত হয় না। }

ক্রিয়া। বেদনানিবারক, স্নায়বীয় ও ধামনিক অবসাদক, মাদক, অধিকমাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে। স্থানিক উগ্রতাসাধক, স্পর্শহারক, বেদনানিবারক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। টিংচুরা একোনিটাই ... ... ৫—১৫ মিনিম।
২। একষ্ট্রাক্টম্ একোনিটাই ... ... ।০—২ গ্রেন।
৩। লিনিমেণ্টম্ একোনিটাই ... (বাহ্য প্রয়োগার্থ।)

আময়িক প্রয়োগ। তরুণ ও পুরাতন বাত, প্রাদাহিক জ্বর, দমনার্থ, আদকপালি বেদনায়, প্রমেহ রোগের প্রবল অবস্থায়, শোথ রোগ, প্যালপিটেসন্ অব্ দি হার্ট, এরিসি-

পেলাস্, রক্তস্রাব, ধনুষ্টঙ্কার, স্ক্রফিউলা, অ্যামোরোসিস্, ভিনিরিয়েল নোড্স্, সায়েটীকা, এবং বিবিধ স্নায়ুশূল রোগে।

(২য়)

ল্যাটিন। ইংরাজী।

একোনিসিয়া। ... ... একোনাইসি।

(একোনাইট্ হইতে প্রস্তুত।)

মাত্রা $\frac{১}{২৪০}$—$\frac{১}{৬০}$ গ্রেন।

ক্রিয়া। একোনাইটের ন্যায়, কিন্তু অবসাদন ক্রিয়া এত প্রবল যে আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

বাত এবং স্নায়ুশূল ও পেশির বেদনা রোগে বাহ্য প্রয়োগ বিশেষ উপকারক।

প্রয়োগরূপ।

১। অঙ্গুয়েণ্টম্ একোনাইসি ... [বাহ্য প্রয়োগার্থ]

(৩য়)

ল্যাটিন। ইংরাজী।

ডিজিটেলিস্ ফোলিয়া। ... ... ফক্সগ্লব।

ডিজিটেলিস্ পর্পিউরা নামক বৃক্ষের শুষ্কপত্র।

চূর্ণ মাত্রা ॥০—২ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, মূত্রকারক, শৈত্যকারক, জরায়ু সঙ্কোচক, চর্ম্ম প্রদাহক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। ইনফিউজম্ ডিজিটেলিস্ ... $\frac{১}{২}$—১ আউন্স।

২। টিংচ্যুরা ডিজিটেলিস্ ... ... ১০—৩০ মিনিম।

আভ্যন্তরিক প্রয়োগ। ডাইলেটেসন, প্যালপিটেসন, ইনক্রাষেসন, শোথ, উদরি, রক্তোৎকাশ, মৃগীরোগ, মত্ততা স্নায়ুশূল, শিরঃপীড়া, প্রমেহ, শ্বেতপ্রদর, কর্ণে বেদনা হইলে,

রক্তস্রাব, মদাতঙ্ক রোগ, নাড়ির বেগ ও দ্রুততা হ্রাসার্থ, অবৈধানিক হৃতকম্পে এবং যক্ষ্মা রোগে।

(৪র্থ)

লাটিন।		ইংরাজী।
লোবিলিয়া।	... ...	লোবিলিয়া।

লোবিলিয়া ইনফ্লেটা নামক পুষ্পিত বৃক্ষ।

[মাত্রা ২—৫ গ্রেন।]

অধিক মাত্রায় বমনকারক।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, আক্ষেপনিবারক, স্বেদজনক, কফনিঃসারক, অধিকমাত্রায় বমনকারক ও বিরেচক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। টিংচ্যুরা লোবিলিয়া ...	১০—৩০ মিনিম। বমনার্থ ১—২ ড্রাম।
২। " " ইথিরিয়া ...	১০—৬০ মিনিম।

আময়িক প্রয়োগ। শ্বাসকাস, ব্রঙ্কাইটিস্, হুপিংকফ, এবং ল্যারিঞ্জিসমাস রোগে।

মাস্তিষ্ক অবসাদক ঔষধ সকল যথা,——

ঔষধ সকলের নাম।	মাত্রা।
১। একষ্ট্রাক্টম্ কোনিয়াই	২—১০ গ্রেন।
২। " ল্যাক্‌টিউসি	৫—১৫ গ্রেন।
৩। টিংচ্যুরা কোনিয়াই	১০—৬০ মিনিম।
৪। " ক্লোরকর্ম্মাই কম্পজিটা।	১০—৬০ মিনিম।
৫। ভেপর এসিডাই হাইড্রোসিয়েনিসাই	ধূম গ্রহণার্থ ব্যবহৃত হয়।
৬। " কোনিয়াই	ধূম গ্রহণার্থ ব্যবহৃত হয়।
৭। একোয়া ক্লোরকর্ম্মাই	||০—২ আউন্স।
৮। " ক্যাম্ফোসিরেসাই ..	১০—৩০ মিনিম।
৯। ক্লোরফর্ম্ম্	১—১০ মিনিম।
১০। ক্লোরল্ হাইড্রাস্	১০—৩০ গ্রেন।
১১। কোমারম্	২—১০ গ্রেন।

১২। ক্যাটেপ্লাজমা কোনিয়াই ... } বাহ্য প্রয়োগার্থ
১৩। লিনিমেণ্টম্ ক্লোরফর্ম্মাই ... } ব্যবহৃত হয়।
১৪। স্পিরিটস্ ক্লোরফর্ম্মাই ... ... ১০—৩০ মিনিম।
১৫। সক্কস্ কোনিয়াই ... ... } ॥০—২ ড্রাম।
১৬। সিরপস্ ক্লোরেল্ ... ... }
১৭। এসিডম্ হাইড্রসিয়েনিকম্ ডাইল্যুটম্ ... } ২—৬ মিনিম।
১৮। ক্রোটন ক্লোরেল হাইড্রেট ... ১—৩ গ্রেন।
১৯। ল্যাক্টিউকা ... ... ৫—৩০ গ্রেন।
২০। ল'রোসিরেসাই ফোলিয়া ... ... ৪—৮ গ্রেন।
২১। পাইলুলা কোনিয়াই কম্পজিটা ... ৫—১০ গ্রেন।

মস্তিষ্ক অবসাদক ঔষধ
সকলের বিবরণ।
(১ম)

ল্যাটিন। ইংরাজী।
এসিডম্ হাইড্রোসিয়ানিকম্। হাইড্রোসিয়ানিক এসিড।
পীচ, বাদাম, চেরি প্রভৃতি উদ্ভিজ্জে এই পদার্থ পাওয়া যায়। নির্জ্জলাবস্থায় অতি উৎকট অবসাদক সে জন্য ঔষধার্থ ব্যবহৃত হয় না, ইহার প্রয়োগরূপ ব্যবহৃত হয়।
ক্রিয়া। মস্তিষ্ক অবসাদক, আক্ষেপ নিবারক, বমন নিবারক, অধিকমাত্রায় বিষক্রিয়া করে।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। এসিডম্ হাইড্রোসিয়োনিকম্ ডাইল্যুটম্ } ... ২—৬ মিনিম।
২। ভেপর্ এসিডাই হাইড্রোসিয়োনিসাই } ধুম গ্রহণার্থ ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। শ্বাসকাশ, হিক্কা, হুপিংকফ, ব্রঙ্কাইটিস, ক্ষয়কাশ, গর্ভাবস্থায় ও বিসূচিকা রোগের বমন নিবারণার্থ, অ্যাঞ্জাইনা পেক্টোরিস, রক্তোৎকাশ, পুরাতন পাকাশয়

প্রদাহ, বুক জ্বালা, পাকাশয় শূল, পাইরোসিস, গাউট, বাত, ধনুষ্টঙ্কার, অজীর্ণ, ইম্পেটাইগো, একজীমা, প্রুরাইগো, লাইকেন, এবং গ্যাষ্ট্রোডিনিয়া প্রভৃতি রোগে ব্যবহৃত হয়।

(২য়)

লাটিন।	ইংরাজী।
ক্লোরোফর্ম্মম	ক্লোরোফর্ম্ম।

মাত্রা ১—১০ মিনিম।

ক্রিয়া। মস্তিষ্ক অবসাদক, আক্ষেপ নিবারক, মাদক, উত্তেজক, বেদনা নিবারক, স্পর্শ হারক, স্থানিক উগ্রতা সাধক ও চৈতন্য হারক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। টিংচ্যুরা ক্লোরফর্ম্মাই কম্পাজিটা ...	১০—৬০ মিনিম।
২। স্পিরিটস্ ক্লোরফর্ম্মাই	২০—৬০ মিনিম।
৩। ক্লোরফর্ম্ম ক্যাম্ফরেটম্	১—৫ মিনিম।
৪। একোয়া ক্লোরফর্ম্মাই	$\frac{১}{২}$—২ আউন্স।
৫। লিনিমেণ্টম্ ক্লোরফর্ম্মাই	(বাহ্য প্রয়োগার্থ)

আময়িক প্রয়োগ। ক্যানসর্, কোরিয়া, অ্যাজমা, হিষ্টিরিয়া, ধনুষ্টঙ্কার, হিক্কা, কষ্টরজঃ, ক্ষীণতা, বমন, বিসূচিকা, দদ্রু, পাঁচড়া, দন্তক্ষত, প্রসব বেদনা ও অস্ত্রক্রিয়ার বেদনা নিবারণার্থ, মৃগী, বিবিধ স্নায়ুশূল রোগ, লিঙ্গনালাক্ষেপ, মলদ্বারে ক্ষত, এবং বিবিধ আক্ষেপ ও বেদনা জনক রোগে।

(৩য়)

ল্যাটিন।	ইংরাজী।
ক্লোরেল হাইড্রাস্	হাইড্রেট্ অব্ ক্লোরেল।

মাত্রা ১০—৬০ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় উগ্রতা নিবারক, নিদ্রা কারক, বেদনা হারক, আক্ষেপ নিবারক, বমন নিবারক, অধিক মাত্রায় চৈতন্য হারক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। সিরপস্ ক্লোরেল ... ... ॥০—২ ড্রাম।

২। সপোজিটোরিয়া ক্লোরেল ... (বাহ্য প্রয়োগার্থ)

আময়িক প্রয়োগ। উন্মাদ, সূতিকোন্মাদ, মদাত্যয়, বিবিধ আক্ষেপ জনক ও বেদনা জনক রোগে, ক্যান্সার, বালকদিগের শয্যামূত্ররোগ, অনিদ্রা, অস্থিরতা, ও স্নায়বীয় উগ্রতা নিবারণার্থ, হুপিংকফ, ধনুষ্টঙ্কার, কোরিয়া, শ্বাসকৃচ্ছ, হিক্কা ও বমন নিবারণার্থ, যক্ষ্মা রোগের অতিঘর্ম্ম ও অস্থিরতা নিবারণার্থ ব্যবহার্য্য।

(৪র্থ)

ল্যাটিন। ইংরাজী।

কোনায়ম্ ... ... হেমেলক।

কোনায়ম্ ম্যাকুলেটম্ নামক বৃক্ষের সরস এবং শুষ্ক পত্র ও শাখাগ্র।

আফ্রিকা, এসিয়া, ইউরোপ, এবং মার্কিন খণ্ডে জন্মে।

চূর্ণ মাত্রা ২—৮ গ্রেন।

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, মাদক, আক্ষেপ নিবারক, বেদনা নিবারক, পরিবর্ত্তক, শোষক, স্থানিক স্পর্শ হারক, উত্তেজক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। এক্স্ট্রাক্টম্ কোনিয়াই ... ... ২—৬ গ্রেন।

২। পাইল্যুলা কোনিয়াই কম্পজিটা ... ৫—১০ গ্রেন।

৩। ভেপর কোনিয়াই ... (ধুম গ্রহণার্থ ব্যবহার্য্য)

৪। ক্যাটাপ্লাজমা কোনিয়াই ... [বাহ্য প্রয়োগার্থ।]

৫। টিংচুরা কোনিয়াই ... ... ১০—৬০ মিনিম।

৬। সক্কস কোনিয়াই ... ... $\frac{১}{২}$—১ ড্রাম।

৭। কোনিয়াই হাইড্রোব্রমাস্ ... $\frac{১}{৩}$—২ গ্রেন।

আময়িক প্রয়োগ। নিউর‍্যালজিয়া, ক্যান্‌সার্‌, রিউমেটিজম্‌, স্ক্রুফিউলা, হুপিংকফ, শ্বাসকাশ, কাশরোগ, কোরিয়া, মৃগী, ধনুষ্টঙ্কার, উন্মাদরোগ, রজোধিক, মালু্‌রিয়েলট্রেমর, প্লীহা ও গুল্ম্যাদিরোগ, ল্যুপস্‌, গোদ, বিবিধ অর্ব্বুদাদিতে, শুক্রমেহ, নিম্ফোম্যানিয়া, সেটাইরেটিস, ক্যাজেডিনিক ও ঔপদংশিক ক্ষতে।

অষ্টম অধ্যায়।

বমনকারক ঔষধ সকল যথা——

ঔষধ সকলের নাম।	বমনকারক মাত্রা।
১। পল্‌বিস্‌ ইপিকাকুয়ানি ...	২০—৩০ গ্রেন।
২। এণ্টিমোনি পটাশিয়ো টার্ট্রাস্‌ ...	১—৩ গ্রেন।
৩। কুপ্রাই সল্‌ফাস্‌	৫—১০ গ্রেন।
৪। জিনসাই সল্‌ফাস্‌	১০—৩০ গ্রেন।
৫। সিনেপিস্‌	॥০—১ আউন্স।
৬। সোডিয়াই ক্লোরাইডম্‌	॥০—২ আউন্স।
৭। ভাইনম্‌ ইপিকাকুয়ানি ...	২—৪ ড্রাম।
৮। „ এণ্টিমোনিয়েলিস্‌ ...	২—৪ ড্রাম।
৯। ক্যান্‌থ্রিপিস্‌ কর্টেক্স্‌	॥০—১ ড্রাম।
১০। টাইলোফোরী কোলিয়া ...	২০—৩০ গ্রেন।
১১। এমোনি কার্বনাস্‌	১৫—৪০ গ্রেন।

বমনকারক ঔষধ সকলের বিবরণ।

(১ম)

ল্যাটিন। ইংরাজী।

ইপিকাকুয়ানা ... ... ইপিকাকুয়ানা।

সিফেলিস্ ইপিকাকুয়ানা লতার মূল।

মার্কিন খণ্ডস্থ ব্রেজিল রাজ্যে জন্মে।

মাত্রা { ২০—৩০ গ্রেন বমনকারক।
॥০—৩ গ্রেন স্বেদ জনক, কফ নিঃসারক।

ক্রিয়া। কফনিঃসারক, স্বেদ জনক, বমন কারক, বিবমিষা জনক, আক্ষেপ নিবারক, অতি অল্প মাত্রায় বমন নিবারক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। ভাইনম্ ইপিকাকুয়ানি { ৫—৪০ মিঃ কফ নিঃসারক।
২—৪ ড্রাম বমন কারক।

২। ট্রোচিসাই ইপিকাকুয়ানি ... ... ১—৩ চাক্তি।

৩। „ মর্ফিএট ইপিকাকুয়ানি ... ১—৬ চাক্তি।

৪। পল্‌বিস্ ইপিকাকুয়ানি কম্পাজিটা ... ৫—১৫ গ্রেন।

৫। পাইলুলা ইপিকাকুয়ানি কম্‌সিলি ... ৫—১০ গ্রেন।

আময়িক প্রয়োগ। ক্ষয়কাশ, জ্বর, প্রাদাহিক রোগ, বাঘি, ফুসফুস্ প্রদাহ, অণ্ড প্রদাহ, পাকাশয় ও শ্বাসনালী প্রদাহ, শ্বাসকাস, হুপিংকফ, উদরাময়, অতিসার, সরদি, রক্তোৎ-কাশ, ক্রুপ, রক্তপ্রস্রাব, রক্তপ্রদর, আঘাত, মাদকদ্বারা বিষাক্ত, বোলতা ভিমরুল ও বৃশ্চিকাদির দষ্টস্থান, গাউট বাত, জরায়ু হইতে রক্তস্রাব, এবং রক্তবমন প্রভৃতি রোগে ব্যবহৃত হয়।

(২য়)

ল্যাটিন। ইংরাজী।

সিনেপিস্। ... ... মাষ্টার্ড।

(সর্ষপ।)

মাত্রা { ॥০ আউন্স বমনকারক।
৫—১০ গ্রেন উত্তেজক, আগ্নেয়।

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজক, বমনকারক, মূত্রকারক, বাহ্য-প্রয়োগে ফোস্কাকারক, দাহক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। ওলিয়ম্ সিনেপিস্	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
২। কাটাপ্লাজ্মা সিনেপিস্	
৩। লিনিমেণ্টম্ সিনেপিস্ কম্পজিটম্ ...	
৪। চার্টা সিনেপিস্	

আময়িক প্রয়োগ। অজীর্ণ, অ্যাপোপ্লেক্সি, মাদক দ্বারা বিষাক্ত হইলে, মস্তিষ্কিয় রোগ, ব্রঙ্কাইটিস্, পক্ষাঘাত, প্লুরাইটিস্, হিষ্টিরিয়া জনিত বেদনা, টাইফস্ ও বিসূচিকা রোগের অবসন্নাবস্থায়, ক্যাটার, নিউর‍্যালজিয়া, কলিক, শোথ, আক্ষেপ, লেরিঞ্জাইটিস্ এবং যান্ত্রিক রক্তাধিক্য রোগে।



নবম অধ্যায়।

পরিবর্ত্তক ঔষধ সকল যথা—

ঔষধ সকলের নাম।	মাত্রা।
১। এসিডম্ আর্শেনিয়োশম্ ...	$\frac{১}{৬০}$—$\frac{১}{১২}$ গ্রেন।

২। এসিডম্ সলফিউরোসম্ … … ||০—২ ড্রাম।
৩। এণ্টিমোনিয়ম্ সলফিউরেটম্ … … ১—৫ গ্রেন।
৪। ,, টার্টারেটম্ { $\frac{১}{১৬}$—$\frac{১}{৬}$ গ্রেন ঘর্ম্মকারক। ১—২ গ্রেন বমনকারক।
৫। এণ্টিমোনিয়াই অক্সাইডম্ … … ১—৪ গ্রেন।
৬। এক্স্ট্রাক্টম্ সার্জি লিকুইডম্ … ২—৪ ড্রাম।
৭। এমোনি ব্রোমাইডম্ … … … ২—২০ গ্রেন।
৮। ,, ক্লোরাইডম্ … … ৫—২০ গ্রেন।
৯। লাইকর্ আর্সেনিকেলিস্ … … ২—১০ মিনিম।
১০। ,, আর্সেনিসাই হাইড্রোক্লোরিকস্ … ২—৮ মিনিম।
১১। ,, সোডি আর্সেনাইটিস্ … ৫—১০ মিনিম।
১২। ,, ,, ক্লোরেটি … ১০—৩০ মিনিম।
১৩। ,, বেরিয়াই ক্লোরাইডাই … ৫—১০ মিনিম।
১৪। ,, ক্যালসিস্ ক্লোরেটিস্ … ১০—৬০ মিনিম।
১৫। ,, হাইড্রার্জিরাই পর্ক্লোরিডাই… ||০—২ ড্রাম।
১৬। ,, ,, নাইট্রেটিস্ এসিডাস্ … (বাহ্য প্রয়োগার্থ।)
১৭। ,, আর্সেনিসাই হাইড্রার্জিরাই হাইড্রিয়োডেটিশ ১০—৩০ মিনিম।
১৮। টিংচুরা কলচিসাই সেমিনা … ১০—৩০ মিনিম।
১৯। ,, আইওডিন … … ৫—৩০ মিনিম।
২০। ,, গোয়েসাই এমোনিয়েটা … ||০—১ ড্রাম।
২১। হাইড্রার্জিরাই পর্ক্লোরাইডম্ … $\frac{১}{১৬}$—$\frac{১}{৮}$ গ্রেন।
২২। ,, অক্সাইডম্ রুব্রম্ $\frac{১}{৪}$—১ গ্রেন।
২৩। ,, কমক্রেটা … … ২—৫ গ্রেন।

২৪। হাইড্রার্জিরাই আইয়োডাইডম্ রুব্রম্ $\frac{১}{১৬}$—$\frac{১}{৮}$ গ্রেন।
২৫। „ „ বিরিডি ... ১—৩ গ্রেন।
২৬। „ সব্ ক্লোরাইডম্ ... $\frac{১}{৪}$—১ গ্রেন।
২৭। পটাসি ক্লোরাস্ ... ... ৫—২০ গ্রেন।
২৮। „ সলফিরেটা ... ... ২—৮ গ্রেন।
২৯। „ আইওডাইডম্ ... ... ২—১০ গ্রেন।
৩০। „ ব্রোমাইডম্ ... ... ৫—৩০ গ্রেন।
৩১। ফেরি আইওডাইডম্ ... ... ১—৫ গ্রেন।
৩২। „ আর্সেনিয়াস্ ... ... $\frac{১}{১৬}$—$\frac{১}{২}$ গ্রেন।
৩৩। পাইল্যুলা হাইড্রার্জিরাই ... ... ২—৫ গ্রেন।
৩৪। „ ফেরি আইওডিডাই ... ৫—১০ গ্রেন।
৩৫। „ কেলোমেলেনস্ কম্পজিটা ২—১০ গ্রেন।
৩৬। ডিকক্টম সার্জি ... ... } ২—১০ আউন্স।
৩৭। „ „ কম্পজিটম্ ... }
৩৮। „ হেমিডেসমাই ... ... ১—৪ আউন্স।
৩৯। সোডিয়াই ক্লোরাইডম্ ... ... ২০—৬০ গ্রেন।
৪০। „ হাইপো সলফিস্ .. ১০—৩০ গ্রেন।
৪১। „ হাইপো ফস্ফাস্ ... ৫—১০ গ্রেন।
৪২। ট্রোচিসাই পটাসি ক্লোরেটিস্ ... ১—৬ চাক্তি।
৪৩। ভাইনম্ এণ্টিমোনিয়েলিস্ ... ৫—৩০ মিনিম।
৪৪ পলবিস্ এণ্টিমোনিয়েলিস্ ... ৩—১০ গ্রেন।
৪৫। সিরপ ফেরি আইওডিডাই ... ... } ১ ড্রাম।
৪৬। „ হেমিডেসমাই ... ... }
৪৭। ওলিয়ম মর্হুই ... ... ১—৮ ড্রাম।
৪৮। ব্রোমোহাইড্রিক্ এসিড্ ... ... ||০—১ ড্রাম।
৪৯। ক্যালসিয়াই ক্লোরাইডম্ ... ... ৫— ১৫ গ্রেন।

৫০। বেরিয়াই ক্লোরাইডম্ ... ... ১—২ গ্রেন।

৫১। সলফিউরিস আইওডাইডম্ ... $\frac{১}{২}$—৫ গ্রেন।

৫২। সাল্‌ফার্ ... ... ২০—৬০ গ্রেন।

৫৩। ক্যালসিস্ হাইপোফস্ফাস্ ... ৫—১০ গ্রেন।

৫৪। ভাইনম্ কলচিসাই ... ... ১০—৩০ মিনিম।

৫৫। মিশ্চুরা গোয়েসাই ... ... ॥০—২ আউন্স।

৫৬। আইডোফর্ম ... ... ১—৩ গ্রেন।

৫৭। আইওডিন্ ... ... $\frac{১}{৪}$—$\frac{১}{২}$ গ্রেন।

৫৮। কল্‌চিকম্ .. .. ২—৫ গ্রেন।

৫৯। ইনফিউজম ডল্কামারা ... ... ১—২ আউন্স।

৬০। হাইড্রোকোটাই এসিয়াটিকা ... ... ৮ গ্রেন।

৬১। কনফেক্‌শিও সলফিউরিস্ ... ...॥০—২ ড্রাম।

(বাহ্য প্রয়োগার্থ)

৬২। ভেপর ক্লোরাই, ভেপর আইওডাই, লিনিমেণ্টম পটাসি আইওডিডাই কমসেপনি, লিনিমেণ্টম হাইড্রাজির্রাই, লিনিমেণ্টম আইওডিন, অঙ্গুয়েণ্টম সলফিউরিস আইওডিডাই, অঙ্গুয়েণ্টম হাইড্রাজির্রাই, অঙ্গুয়েণ্টম হাইড্রাজির্রাই এমোনিয়েটা, অঙ্গুয়েণ্টম হাইড্রাজির্রাই আইওডিডাই রুব্রাই, অঙ্গুয়েণ্টম হাইড্রাজির্রাই নাইট্রেটিস, অঙ্গুয়েণ্টম হাইড্রাজির্রাই অক্সাইডাই রুব্রাই, অঙ্গুয়েণ্টম আইওডিডাই কম্পজিটা, অঙ্গুয়েণ্টম সলফিউরিস, অঙ্গুয়েণ্টম পটাসি সলফিউরেটা, অঙ্গুয়েণ্টম গাইনোকর্ডাই, এমপ্লাস্ট্রম হাইড্রাজির্রাই, এমপ্লাস্ট্রম এমোনায়েসাইকম্ হাইড্রাজির্রাই, সপোজিটোরিয়া হাইড্রাজির্রাই। (৭৯)

পরিবর্ত্তক ঔষধ সকলের বিবরণ।

(১ম)

ল্যাটিন।	ইংরাজী।
এসিডম্ আর্সেনিয়োসম্	আর্সেনিক্ এসিড্।

[সিম্বুলক্ষার। শেঁকো।]

কোবাল্ট, নিকেল, এবং লৌহ সহযোগে খনি মধ্যে পাওয়া যায়।

মাত্রা $\frac{১}{৬০}$ হইতে $\frac{১}{১২}$ গ্রেন।

ক্রিয়া। পর্য্যায় নিবারক, বল কারক, পরিবর্ত্তক।
অধিক মাত্রায় বিষক্রিয়া করে।
স্থানিক প্রয়োগে পচন নিবারক, দাহক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। লাইকর আর্সেনিকেলিস ..	২—১০ মিনিম।
২। .. আর্সেনিস'ই হাইড্রোক্লোরিকস্	২—৮মিনিম।

আময়িক প্রয়োগ। পালাজ্বর, হেমিক্রেনিয়া, সপর্য্যায় উন্মাদ ও সপর্য্যায় রোগ, স্নায়ুশূল, বিবিধ চর্ম্মরোগ যথা—ল্যুপস্, সোরায়েসিস, পিটিরায়েসিস, ইম্পেটাইগো, একজিমা, একনি, কুষ্ট, সাইকোসিস, পুরাতন বাত, কোরিয়া, মৃগী, ফেগ্মেসিয়া, পচাক্ষতে, দন্তক্ষত, ক্যান্সর, কুরন্ড, গোদ, সর্পাঘাত।

[২য়]

ল্যাটিন।	ইংরাজী।
সোডি আর্সেনিয়াস্।	আর্সেনিয়েট অব্ সোডা।

মাত্রা $\frac{১}{১৬}$ $\frac{১}{৮}$ গ্রেন।

ক্রিয়া। পরিবর্ত্তক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। লাইকর্ সোডি আর্সেনাইটিস ...	৫—১০ মিনিম।

আময়িক প্রয়োগ। আর্সেনিয়াস এসিডের ন্যায়।

[৩য়]

ল্যাটিন।	ইংরাজী।
আর্সেনিসাই আইওডাইডম্। ...	... আইওডাইড্ অব্ আর্সেনিক্।

মাত্রা। $\frac{১}{১২}$ হইতে $\frac{১}{৩}$ গ্রেন।

ক্রিয়া। পরিবর্ত্তক, বলকারক।

আময়িক প্রয়োগ। লেপ্রা, সোরোয়েসিস, ইম্পিটাইগো, ল্যুপস, এক্জিডেন্স প্রভৃতি চর্ম্মরোগ এবং ক্যান্সর রোগে।

[৪র্থ]

ল্যাটিন।	ইংরাজী।
লাইকর আর্সেনিসাই হাইড্রা-র্জিরাই হাইড্রিয়োডেটিস	সোল্যসন অব আইওডাইড্ অব্ আর্সেনিক্ এণ্ড মর্কুরি

মাত্রা ৫—২০ মিনিম।

ক্রিয়া। পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। বিবিধ পুরাতন চর্ম্মরোগ।

(৫ম)

ল্যাটিন।	ইংরাজী।
এমোনিয়াই ব্রোমাইডম্। ...	ব্রোমাইড্ অব্ এমোনিয়া।

মাত্রা ২ হইতে ২০ গ্রেন।

ক্রিয়া। পরিবর্ত্তক, শোষক, এবং শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা-হারক।

আময়িক প্রয়োগ। মৃগী, হুপিং কফ এবং তরুণবাত রোগে।

[৬ষ্ঠ]

ল্যাটিন।	ইংরাজী।
পটাশিয়াই ব্রোমাইডম্।	ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্।

মাত্রা ৫—৩০ গ্রেন।

ক্রিয়া। পোষক, উত্তেজক, পরিবর্ত্তক, স্নায়বীয় অবসাদক, স্রাবণ ক্রিয়া বর্দ্ধক।

আময়িক প্রয়োগ। মৃগী, কোরিয়া, হিষ্টিরিয়া, সূতিকাক্ষেপ, উন্মাদ, মদাতঙ্ক, মূর্চ্ছা, ফুসফুস প্রদাহে, বাত, বিবিধজ্বর, বিসূচিকা, শিরঃপীড়া, শিরোঘূর্ণন, স্ক্রফিউলা, প্লীহা ও যকৃৎ বিবর্দ্ধন, গলগণ্ড, এজ্‌মা, ক্রুপ, হুপিংকফ, রজোধিক, ঔপদংশিক চর্ম্মরোগ, শুক্রমেহ, প্রমেহ, মধুমেহ, অকস্মাৎ পুনঃ পুনঃ বীর্য্যপাতন, এবং জননেন্দ্রিয়ের বিবিধ বিকারে।

[৭ম]

ল্যাটিন। ইংরাজী।

সোডিয়াই ক্লোরাইডম্। ক্লোরাইড্ অব্ সোডিয়ম্।

[সামান্য লবন)

মাত্রা। { ২০—৬০ গ্রেন পরিবর্ত্তক, বলকারক। ||০—২ আউন্স বিরেচক, বমনকারক।

ক্রিয়া। অল্প মাত্রায় আগ্নেয়, বলকারক, পরিবর্ত্তক, অধিক মাত্রায় বমন কারক, বিরেচক, কৃমিনাশক।

আময়িক প্রয়োগ। বিসূচিকা, রক্তোৎকাশ, কৃমি, পুরাতন উদরাময়, যক্ষ্মা, স্ক্রফিউলা, বিবিধ জ্বর, নাইট্রেট অব্ সিলভার দ্বারা বিষাক্ত হইলে, গুহ্য এবং জরায়ু আদির মধ্যে জলৌকা প্রবিষ্ট হইলে।

[৮ম]

ল্যাটিন। ইংরাজী।

এমোনিয়াই ক্লোরাইডম্ . . ক্লোরাইড্ অব্ এমোনিয়ম্

(নিসাদল)

মাত্রা ৫ হইতে ২০ গ্রেন।

ক্রিয়া। শোষক, পরিবর্ত্তক, কফনিঃসারক, রজোনিঃসারক, পিত্তনিঃসারক, ঘর্ম্মকারক।

আময়িক প্রয়োগ। পেশীশূল, বিবিধ স্নায়ুশূল, যকৃত ও প্লীহা বিবর্দ্ধন, আঘাত লাগিয়া কোন স্থান থেৎলাইয়া গেলে, ফোড়া ও বাঘি ইত্যাদি বসাইবার নিমিত্ত, জল

গোমের পীড়ায়, রক্তোৎকাশ, রক্ত বমন, স্তনপ্রদাহ, বিবিধ জ্বর ও প্রদাহ রোগে।

[৯ম]

ল্যাটিন। ইংরাজী।

পটাশি ক্লোরাস্। ... ... ক্লোরেট্ অব্ পটাশ।

৫ হইতে ৩০ গ্রেন।

ক্রিয়া। শৈত্যকারক, মূত্রকারক, পরিবর্ত্তক।

প্রয়োগরূপ ... ... মা

ট্রোচিসাই পটাশি ক্লোরেটিস ... ... ১—৬ ট

আময়িক প্রয়োগ। বিবিধজ্বর, বিসূচিকা, বাত, বি ধ মূত্রাশয় প্রদাহ, ইরিসিপেলাস, মূত্রাশয়ের কা উপদংশরোগের দ্বিতীয় অবস্থায়, পারদদ্বারা মু

(১০ম)

ল্যাটিন।

হাইড্রার্জাইরম ... ...

(পারদ)

এই ধাতু খনি মধ্যে গন্ধকসহযোগে বাইসল্‌ফিউরেট্ অব্ মর্কুরিরূপে পাওয়া যায়।

ক্রিয়া। পরিবর্ত্তক, বিরেচক, পিত্তনিঃসারক, শোষক, দাহক মূত্রকারক, কৃমিনাশক, অবসাদক, প্রদাহ নাশক, লালনিঃসারক, ঘর্ম্মকারক।

প্রয়োগরূপ।	মাত্রা।
১। পাইল্যুলা হাইড্রার্জিরাই	২—৫ গ্রেন।
২। হাইড্রার্জিরাই কমক্রিটা	৩—৮ গ্রেন।
৩। এমপ্লাষ্ট্রম হাইড্রার্জিরাই	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।
৪। „ এমোনিয়েসাই কম্ হাইড্রার্জিরাই	
৫। সপোজিটোরিয়া হাইড্রার্জিরাই	
৬। লিনিমেণ্টম হাইড্রার্জিরাই ...	
৭। অঙ্গুয়েণ্টম হাইড্রার্জিরাই	
৮। „ „ কম্পজিটা	

আময়িক প্রয়োগ। সিফিলিস, অজীর্ণ ইণ্টাস্ সসেপ্সন, কোষ্টবদ্ধ, পক্ষাঘাত, ধনুষ্টঙ্কার, মেনিয়া, হিষ্টিরিয়া, মৃগী, হেমিপ্লিজিয়া, শিরঃশূল, বিসূচিকা; অতিসার, ফ্যাজিডিনিক, ক্ষত, একিউট রিউমেটিজম, গাউট, ইডিওপেথিক ও ইও-লোকিবার, সিরস মেম্ব্রেনের প্রদাহ ও যকৃতের ব্যাধিবশতঃ ড্রপসিরোগ, পেরি কার্ডাইটীস ও এণ্ডোকার্ডাইটিস, এবং আভ্যন্তরিক যন্ত্রদিগের রক্তাধিক্য রোগে।

নিষেধ। দৌর্ব্বল্য ও নিরক্তাবস্থায়, গ্লীট, প্লীহা রোগ, স্কার্ভি রোগ, ব্রাইটাময়, থাইসিস, ইরিথিমা, স্ক্রফিউলা এবং গ্র্যানিউলার ডিজেনারেসন্ অবদি কিড্নি রোগ।

(১১শ)

ল্যাটিন।	ইংরাজী।
হাইড্রার্জাইরম অক্সাইডম রুব্রম।	রেড অক্সাইড অব-মর্কারি।

(আভ্যন্তরিক প্রয়োগ হয় না।)

ক্রিয়া। দাহক, পরিবর্ত্তক, উত্তেজক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই অক্সাইডাই রুব্রাই	বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। ইনডোলেণ্ট ও ফঙ্গাস্ অলসার, অপ-থ্যালমিয়া, শ্যাঙ্কার প্রভৃতি রোগে।

(১২শ)

ল্যাটিন।	ইংরাজী।
হাইড্রার্জারাইরম্ সব্ ক্লোরাইডম্ ...	সব ক্লোরাইড অব মর্কারি

মাত্রা।
- $\frac{১}{৪}$—১ গ্রেন পরিবর্ত্তক, লালানিঃসারক।
- ২—৫ গ্রেন বিরেচক।
- ২০—৩০ গ্রেন অবসাদক।

ক্রিয়া। বিরেচক, পিত্তনিঃসারক ক্রিমিনাশক, প্রত্যুগ্রতাসাধক, মূত্রকারক, অবসাদক, দাহক, ঘর্ম্মকারক, উপদংশ নাশক, পরিবর্ত্তক, লালনিঃসারক।

প্রয়োগরূপ।

১। অঙ্গুয়েণ্টম্ হাইড্রাজির্রাই সব ক্লোরিডাই
২। লোসিয়া হাইড্রার্জির্রাই নাইগ্রা
} বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। কোষ্টবদ্ধ, শোথ, অজীর্ণ, উপদংশ রোগ, অ্যাপোপ্লেক্সি, পচাক্ষত, পাণ্ডু রোগ, রিউমেটিজম্, ইয়োলোফিবার, বিসূচিকা, অতিসার, প্লুরাইটিস, ক্রুপ, হিপেটাইটিস্, লেরিঞ্জাইটিস, এণ্টেরাইটিস, পোরাইগো, ইম্পেটাইগো, হার্পিজ, একজীমা প্রভৃতি রোগে।

(১৩শ)

ল্যাটিন। ইংরাজী।
হাইড্রার্জির্রাই পর্ক্লোরাইডম্। পর্ক্লোরাইড্ অব্ মর্কুরি।

(রসকর্পূর)

মাত্রা $\frac{১}{১৬}$ হইতে $\frac{১}{৮}$ গ্রেন।

ক্রিয়া। পরিবর্ত্তক, লালনিঃসারক, উপদংশ নাশক, ঘর্ম্মকারক, উত্তেজক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। লাইকর্ হাইড্রার্জির্রাই পর্ক্লোরিডাই ॥০—২ ড্রাম।
২। লোসিয়া হাইড্রার্জির্রাই ফ্লেবা (বাহ্য প্রয়োগার্থ)

আময়িক প্রয়োগ। কুষ্টরোগ, সোরায়েসিস্, পোরাইগো, পিটিরায়েসিস্, ঔপদংশিকব্যাধি, পাঁচড়া, ফঙ্গাস, নখক্ষত, গলদেশক্ষত, মেসেণ্ট্রিক্ ব্যাধি, শোথ, গ্লীট, টনসিলাইটিস, ক্রনিক রিউমেটিজম্ প্রভৃতি রোগে।

(১৪শ)

ল্যাটিন। ইংরাজী।

হাইড্রার্জ্জাইরম্ এমোনায়েটম্। ... অ্যামোনায়েটেড্ অব্ মর্কুারি।

(আভ্যন্তরিক প্রয়োগ হয় না।)

ক্রিয়া। দাহক, পরিবর্ত্তক।

প্রয়োগরূপ .. .. মাত্রা।

১। অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জ্জিরাই এমোনিয়েটা (বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

পাইলুলা কলসিন্থিডিস কম্পজিটা, পলবিস ইপিকাকুয়ানি কম্পজিটস, পাইল্যুলা কলসিন্থিডিস এট হাইওসায়েসাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

(১০ম)

ল্যাটিন। ইংরাজী।

পটাসি টার্ট্রাসএসিডা। ... এসিডটার্ট্রেট অব্ পটাস।

মাত্রা ২০—৬০ গ্রেন।

ক্রিয়া। বিরেচক, মূত্রকারক, শৈত্যকারক।

আময়িক প্রয়োগ। জ্বর, শোথ, ও প্রাদাহিক রোগে।

(১১শ)

ল্যাটিন। ইংরাজী।

পটাসিটার্ট্রাস ... ... টার্ট্রেট্ অব্ পটাস।

মাত্রা { ১—২ ড্রাম মূত্রকারক।
২—৪ ড্রাম বিরেচক।

ক্রিয়া। মূত্রকারক, বিরেচক, শৈত্যকারক।

আময়িক প্রয়োগ। জ্বররোগ, মেনিয়া, হাইপোকণ্ড্রিয়েসিস রোগে।

(১২শ)

ল্যাটিন। ইংরাজী।

সোডি সলফাস ... ... সলফেট্ অব্ সোডা

(ক্ষারলবণ।)

মাত্রা $\frac{১}{২}$—১ আউন্স।

ক্রিয়া। বিরেচক, মূত্রকারক, শৈত্যকারক।

আময়িক প্রয়োগ। জ্বর, ও প্রাদাহিক রোগ, কোষ্টবদ্ধ, এবং পিত্তশূল, প্রভৃতিতে।

(১৩শ)

ল্যাটিন। ইংরাজী।

সোডি ফস্ফাস। ... ... ফস্ফেট অব্ সোডা।

মাত্রা { ২—৮ ড্রাম বিরেচক।
২০—৪০ গ্রেন মূত্রকারক, পরিবর্ত্তক।

ক্রিয়া। বিরেচক, মূত্রকারক, পরিবর্ত্তক, লিথনট্রিপটিক (অশ্মরী নাশক।)

আময়িক প্রয়োগ। জ্বররোগ, বিসূচিকারোগ, মূত্রে অম্লাধিক্য বা ফস্ফেটেরভাগ কমহইলে, রেকাইটিস, মলিসাস অনিয়ম, এবং ইউরিক অ্যাসিড দ্রবকরনার্থ।

[১৪শ]

ল্যাটিন। ইংরাজী।

সোডা টার্টারেটা ... ... টার্টারেটেড্ সোডা।

মাত্রা { ১—৪ ড্রাম বিরেচক।
৩০—৬০ গ্রেন মূত্রকারক।

ক্রিয়া। বিরেচক, শৈত্যকারক, মূত্রকারক।

আময়িক প্রয়োগ। টার্টারেট অব্ পটাসের ন্যায় জ্বর ও প্রদাহাদিরোগে, কোষ্ঠবদ্ধ, পাণ্ডুরোগ, এবং অশ্মরী রোগ প্রভৃতিতে।

অতিবিরেচক ঔষধ সকলের বিবরণ।

[১ম]

ল্যাটিন। ইংরাজী।

ক্যাম্বোজিয়া। ... ... গ্যাম্বোজ।

গার্সিনিয়া মোরেলা নামক বৃক্ষেরগঁদ এবং ধূনাযুক্ত রস।

চীন, ব্রহ্মরাজ্য, ভারতবর্ষ, এবং সিংহলদ্বীপে জন্মে।

মাত্রা ১——৪ গ্রেন।

ক্রিয়া। অতিবিরেচক, কৃমিনাশক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। পাইলুলা ক্যাম্বোজি কম্পাজিটা ··· ৫—১০ গ্রেন।

আময়িক প্রয়োগ। শোথ, উদরি, কঠিন কোষ্ঠবদ্ধ, এবং ফিতার ন্যায়কৃমি রোগে।

[২য়]

ল্যাটিন। ইংরাজী।

কলোসিন্থিডিস পর্লপা। ... ... কলোসিন্থপল্প।

[ইন্দ্রবারুণী।]

সাইট্রুলগ কলোসিন্থিস নামক বৃক্ষের ফলের শস্য।

মাত্রা ২——১০ গ্রেন।

ক্রিয়া। অতিবিরেচক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। একষ্ট্রাক্টম কলসিন্থিডিস কম্পজিটম }
২। পাইল্যুলা কলোসিন্থিডিস কম্পাজিটা } ৫—১০ গ্রেন।
৩। ,, ,, এট হাইওসায়েসাই }

আময়িক প্রয়োগ। কোষ্ঠবদ্ধ, উদরি, শোথ, অন্ত্রাবদ্ধ-রোগ, সংন্যাস এবং শিরোরোগ প্রভৃতিতে।

[৩য়]

ল্যাটিন। ইংরাজী।

ইলেটেরিয়ম ... ... ইলেটেরিয়ম।

একবোলিয়ম অফিসিনেরম বৃক্ষের ফলের রসের গাদ।

মাত্রা $\frac{১}{১৬}$ হইতে $\frac{১}{২}$ গ্রেন।

ক্রিয়া। অতিবিরেচক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।

১। পলবিস ইলাটেরিয়াই কম্পজিটা $\frac{১}{২}$ —৫ গ্রেন।

আময়িক প্রয়োগ। শোথ, উদরি, কোষ্ঠবদ্ধ, শিরঃপীড়া, এবং সংন্যাস রোগে।

[৪র্থ]

ল্যাটিন। ইংরাজী।

ওলিয়ম ক্রোটনিস্ ... ... ক্রোটন অইল।

[জয়পালের তৈল।]

ক্রোটন টিগলিয়ম বৃক্ষের বীজের তৈল।

মাত্রা $\frac{১}{২}$ হইতে ২ মিনিম।

ক্রিয়া। অতিবিরেচক, প্রত্যুগ্রতাসাধক, অধিকমাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে।

প্রয়োগরূপ।

১। লিনিমেণ্টম্ ক্রোটনিস্ ... [বাহ্য প্রয়োগার্থ।]

আময়িক প্রয়োগ। শোথ, সংন্যাস, কোষ্ঠবদ্ধ, ধনুষ্টঙ্কার, উদরি, কাশরোগ, উন্মাদরোগ, পুরাতনবাত, ও পুরাতন সন্ধিরোগ, বক্ষ গহ্বরস্থ ব্যাধি এবং আক্ষেপ জনকরোগে।

[৫ম]

ল্যাটিন। ইংরাজী।

স্কেমোনিয়ম। ... ... স্কেমোনি

কনবল্‌বিউলস্‌ স্ক্যামোনিয়া নামক বৃক্ষের
মূলহইতে প্রাপ্তগঁদ এবং ধুনাযুক্তরস।
মাত্রা ৫—১০ গ্রেন।

ক্রিয়া। অতিবিরেচক।

প্রয়োগরূপ ... ... মাত্রা।
১। মিশ্চ্যুরা স্ক্যামোনিয়াই ... ... ॥০—২ আউন্স।
২। কনফেক্‌শিও স্ক্যামোনিয়াই ... ৩—১০ গ্রেন।
৩। পলবিস্‌ স্ক্যামোনিয়াই কম্পজিটা ১০—২০ গ্রেন।
৪। স্কেমোনি রেজিনা ... ... ৩—৮ গ্রেন।
৫। পাইল্যুলা স্কেমোনি কম্পজিটা ... ৫—১৫ গ্রেন।

আময়িক প্রয়োগ। শোথ, মাস্তিস্কীয়রোগ, কোষ্ঠবদ্ধ, উদরি, এবং কৃমিরোগে।

মৃদু বিরেচক ঔষধ সকলের বিবরণ।

[১ম]

ল্যাটিন। ইংরাজী।
বেলা। ... ... বেল।

[বিল্ব]

ক্রিয়া। সঙ্কোচক, মৃদুবিরেচক, পোষক।

প্রয়োগরূপ ... . মাত্রা।
১। এক্‌ষ্ট্রাক্টমবেলি লিকুইডম্‌ ... .. ১—২ ড্রাম।

আময়িক প্রয়োগ। অতিসার, উদরাময়, কোষ্ঠবদ্ধ, এবং অজীর্ণরোগে।

[২য়]

ল্যাটিন। ইংরাজী।
ম্যানা। ... ... ম্যানা।

[সীরখস্ত।]

ফ্রাক্সাইন্স রোটন্ডি ফোলিয়া বৃক্ষের ঘণীভূতরস।
মাত্রা ১—২ গ্রেন।

ক্রিয়া। পোষক, মৃদুবিরেচক।

আময়িক প্রয়োগ। সদ্যপ্রসূত শিশুদিগের বিরেচনার্থ, এবং শৈশবাবস্থায়, দৌর্ব্বল্যাবস্থায়, ও গর্ভাবস্থায় বিরেচন জন্য ব্যবহৃত হয়।

[৩য়]

ল্যাটিন।	ইংরাজী।
ট্যামারিণ্ডস	ট্যামারিণ্ড।

[তেঁতুল]

মাত্রা ২—৮ ড্রাম।

ক্রিয়া। শৈত্যকারক, মৃদুবিরেচক, পোষক।

আময়িক প্রয়োগ। অতিসার, জ্বর, পিউট্রিড্ ফিবার এবং পীত্তাধিক্য হইলে।

(৪র্থ]

ল্যাটিন।	ইংরাজী।
ম্যাগ্নেসি কার্ব্বনাস	কার্ব্বনেট অব্ ম্যাগ্নিসিয়া।

মাত্রা ১০—৬০ গ্রেন।

ক্রিয়া। মৃদুবিরেচক, অম্লনাশক।

প্রয়োগরূপ	মাত্রা।
১। লাইকর ম্যাগনিসিয়া কার্ব্বনেটিস্ ...	১—২ আউন্স।
২। ,, ,, সাইট্রেটীস্ ...	৫—১০ আউন্স।

আময়িক প্রয়োগ। অম্লজনিত বকজ্বালা ও বমন, গর্ভাবস্থায় বমন নিবারণার্থ, প্রস্রাবে অম্লাধিক্য, বাত, গাউট দাবক দ্বারা বিষাক্ত হইলে, শৈশবাবস্থায় বিরেচনার্থ, এবং এক্জীমা প্রভৃতি চর্ম্মরোগে।

একবিংশ অধ্যায়।

(কোষ্ঠকারক ঔষধ সকল)

এমপ্লাষ্ট্রম ক্যান্থারিডিস, এমপ্লাষ্ট্রম সিনেপিস, এসিডম্ কাম্বরিডিস্, এসিডম্ এসিটিকম্ গ্লাসিয়েল, লাইকর্ এমোনি কসিয়ম্।

(জলনিঃসারক ঔষধ সকল)

মেজিরিয়ম, পাইপর নাইগ্রম, পাইরিথ্রাই রেডিক্স, ট্যাবেসাই

কালিয়া, জিঞ্জার, ক্যাপসিকম্ ফ্রুট, আর্মোরেসি রেডিক্স, সিনে-পিস, পটাসিয়াই আইওডাইডম্, হাইড্রার্জাইরম।

স্পর্শহারক ঔষধ সকল।

ইথর্, ক্লোরফর্ম্ম,, ওপিয়ম, বেলেডোনা, অ্যাকোনাইট, রেক্টিফায়েড স্পিরিট

পর্য্যায় নিবারক ঔষধ সকল।

আর্সেনিক্, কুইনাইন্, সিঙ্কোনা, ষ্ট্রিকনিয়া, বেবিরীয়া, স্যালিসিনম, বঙ্গুসেসিনা

(কামোদ্দীপক ঔষধ সকল)

নক্সভমিকা, ষ্ট্রীকনিয়া, ক্যান্থারিডিস, মস্কস, ক্যাষ্টোরিয়ম, ক্যানেবিস ইণ্ডিকা, ওলিয়ম টেবেবিস্থিনি, ওপিয়ম, ওয়াইন, অ্যাসাফোটিডা, অ্যারোমেটিক, ফস্ফরস, কেশরঘটিত ঔষধ।

(কামনাশক ঔষধ সকল)

ব্রোমাইড অব্ পটাসিয়ম, ডিজিটেলিন, ক্যাম্ফর, ভেমেজক, প্রভৃতি।

(অশ্মরী নাশক ঔষধ সকল)

অ্যাসিডম্ ফস্ফরিকম, এসিডম্ বেঞ্জোইকম্ অ্যামোনি বেঞ্জোয়াস, পটাসি অ্যাসিটাস, পটাসি কার্ব্বনাস, পটাসি বাইকার্ব্বনাস, পটাস সাইট্রাস, লাইকর্ পটাসি, লাইকর্ সোডি, লাইকর্ ক্যাল্সিস, লিথি কার্ব্বনাস, লিথি সাইট্রাস, সোডি ফস্ফস, সোডি বাইকার্ব্বনাস, সোডি সিট্রোটার্ট্রাস এফারভেসেন্স, লাইকর লিথি এফারভেসেন্স।

(আক্ষেপ নিবারক ঔষধ সকল)

ক্যানাবিস ইণ্ডিকা, ক্যাষ্টোরিয়ম, ক্লোরোফর্ম্ম, কোনিয়াই ফ্রুক্টস, ওপিয়ম, আর্জেন্টাই অক্সাইডম, অর্জেন্টাই নাইট্রাস, অ্যামোনি লাইকর্, অ্যামোনি কার্ব্বনাস, অ্যামোনায়েকম, অ্যাসাফিটিডি, ইথর সলফিউরিকস, জিনসাই ভেলিরিয়েনাস, জিনসাই সলফাস, বেবিরাই ক্লোরাইডম্, মস্কস, ষ্ট্র্যামোয়াই, হাইওসায়েমাই, মর্ফিয়া, ভেলিরিয়েনি রেডিক্স, ওলিয়ম ক্যাজুপটি,

ওলিয়ম ক্যারিওফাইলম্, ওলিয়ম টেরেবিন্থিনি, ওলিয়ম ম্নিডা ওলিয়ম মেন্থাপিপরিটি, ল্যাভেণ্ডিউলি, প্রভৃতি ।

দ্বাবিংশ অধ্যায় ।

কোন্২ ঔষধের সহিত কোন্২ ঔষধ প্রয়োগ নিষেধ, অর্থাৎ অসম্মিলন ।

১ । (কাইনো)

অসম্মিলন ।

ক্ষার, দ্রাবক, সল্‌ফেট্ অব্ আয়রণ, নাইট্রেট্ অব্ সিলভার টার্‌টার এমেটিক, করেশিব সবলিমেট ইত্যাদির সহিত প্রয়োগ নিষেধ ।

২ । (পেল্‌ক্যাটিকিউ ।)

অসম্মিলন । মর্ফিয়া, অ্যাকোয়া ক্যালসিস, নাইটর্, ক্রট কিরি, অগুলাল, ইপিকাকুয়ানা, এবং ধাতব লবণ ইত্যাদি সহিত প্রয়োগ করিবে না ।

৩ । (র‍্যাটানিরুট ।)

অসম্মিলন । একোয়া ক্যালসিস, দ্রাবক, লৌহ ঘটিত লবণ শুগার অব্‌লেড, আইওডিন, এবং জেলেটিন সংযুক্ত দ্রব সকলে সহিত নিষিদ্ধ ।

৪ । (বেয়ার বেরিলিভস্ ।)

অসম্মিলন ।

লৌহ ও সীসধাতু ঘটিত লবণ, নাইট্রেট্ অব্ সিল্‌ভার, টার্টা এমেটিক, ডিকক্‌সন্ সিনকোনা, প্রভৃতি ।

৫ । (সুগার অবলেড ।)

অসম্মিলন ।

এমোনি কার্ব্বনাস, সির্কাম্ল ভিন্ন সমুদয় দ্রাবক ও অ লবনাম্ব, ষ্ট্রিক্‌নিয়া, গঁদ সংযুক্ত ফান্ট, লাইকর্ এমোনি এসিটে টিস, কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়া, আইওডাইড্ অব্ পটাশিয় প্রভৃতি ।

৬। (ক্যাস্কারিলি কর্টেক্স।)

অসম্মিলন।

লৌহ, দস্তা, সীস; রৌপ্য, রসাঞ্জন ঘটিত লবণের সহিত প্রয়োগ নিষেধ।

৭। (সিঙ্কোনা বার্ক।)

অসম্মিলন।

টার্টার এমেটিক, লৌহ, সীস, ও রৌপ্য ঘটিত ঔষধাদি, লাইকর্ আর্সেনিকেলিস প্রভৃতি।

৮। (মিউরিয়াটিক অ্যাসিড।)

অসম্মিলন।

ক্ষার, ম্যাগ্নিসিয়া, লবণ দ্রাবক সংযুক্ত সমুদায় লবণ ভিন্ন সমুদায় লবণ।

৯। (নাইট্রিক অ্যাসিড)

অসম্মিলন।

ক্ষার, ও ক্ষারকার্ব্বনেট্, এবং এসিটেট্, ধাতব অক্সাইড্, হিরাকস, অঙ্গার, শর্করা, সুরা এবং বায়ি তৈল ইত্যাদি।

১০। (সলফিউরিক অ্যাসিড।)

অসম্মিলন।

ক্ষার ও ক্ষারকার্ব্বনেট, ধাতুঘটিত সমস্ত অক্সাইড, সীসশর্করা, বেরাইটা, ক্লোরাইড্ অব্ ক্যালসিয়ম প্রভৃতি।

১১। (নাইট্রেট্ অব্ সিল্ভার।)

অসম্মিলন।

নাইট্রিক অ্যাসিড ভিন্ন সমুদায় দ্রাবক, অম্ল ও তৎসংযুক্ত লবণ, ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্, পরিশ্রুত জলভিন্ন অন্যজল, ক্লোরিণ এবং তৎসংযুক্ত লবণ, উদ্ভিজ্জ সঙ্কোচক, অণ্ডলাল, ও দুগ্ধ ইত্যাদির সহিত প্রয়োগ নিষেধ।

১২। (সলফেট্ অব্ কপার।)

অসম্মিলন।

ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্, গন্ধক দ্রাবকভিন্ন সমুদায় দ্রাবক ও অম্ল, সীস, রৌপ্য, পারদ, ও ক্লোরিণ সংযুক্ত লবণ, উদ্ভিজ্জ ফান্ট ও কাথ বা অরিষ্টের সহিত নিষিদ্ধ।

১৩। (ফেরিআইওডাইড।)

অসম্মিলন।

ক্ষার, অম্ল, অধিকাংশ ধাতু ঘটিত লবণ, উদ্ভিজ্জ কষা দ্রব্য ও শ্বেতসার ইত্যাদি।

১৪। (ফেরিসল্ফাস।)

অসম্মিলন।

ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্, গন্ধক দ্রাবক ভিন্ন সমুদায় দ্রাবক, অধিকাংশ ধাতবলবণ, ট্যানিন ও গ্যালিক অ্যাসিড এবং তৎসংযুক্ত দ্রব্যাদির সহিত প্রয়োগ নিষেধ।

১৫। (লাইকর্ ফেরি পর্ক্লোরাইড ফর্সিয়র।)

অসম্মিলন।

ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্, চর্ণেরজল, সীস এবং রৌপ্য ঘটিত লবণ, গঁদ, ট্যানিন ও গ্যালিক অ্যাসিড ইত্যাদির সহিত প্রয়োগ করিবেনা।

১৬। (সলফেট্ অব্ জিঙ্ক)

অসম্মিলন।

ক্ষার ও ক্ষারকার্ব্বনেট্, সীসশর্করা, নাইট্রেট্ অব্ সিলভার, এবং উদ্ভিজ্জ সঙ্কোচকদিগের সহিত প্রয়োগ নিষেধ।

১৭। [অক্সাইড্ অব্ জিঙ্ক।]

অসম্মিলন।

অম্ল, অম্লাধিক লবণ, এবং ক্ষার সহিত প্রয়োগ নিষেধ।

১৮। (ক্লবস্)

অসম্মিলন।

লৌহ, দস্তা, সীস, রৌপ্য, রসাঞ্জন ধাতু ঘটিত লবণ ইত্যাদির সহিত নিষেধ।

১৯। (কার্ব্বনেট্ অব্ এমোনিয়া।)

অসম্মিলন।

দ্রাবক, এমোনিয়া ভিন্ন ক্ষার, টার্ট্রেট্ ভিন্ন সমুদায় লৌহ ঘটিত লবণ, সীস শর্করা, কর্ট্কার ক্যালোমেল এবং রসকর্পূর ইত্যাদি।

২০। [লাইকর্ এমোনি ফর্সিয়র।]

অসম্মিলন।

দ্রাবক, লবণ, অম্ল, চুণ, বেরাইটা ভিন্ন ক্ষার।

২১। [বেলাডোনা।]

অসম্মিলন।

ক্ষার, লাইকর পটাশি, এবং উদ্ভিজ্জ সঙ্কোচক সহযোগে অবিধেয়।

২২। [সাইট্রিক এসিড।]

অসম্মিলন।

ক্ষার, ক্ষারকার্ব্বনেট্, সলফেট্ টার্ট্রেট্ এবং এসিটেট্ ইত্যাদির সহিত প্রয়োগ নিষেধ।

২৩। [টার্টারিক অ্যাসিড।]

অসম্মিলন।

ক্ষার, কার্ব্বনেট, দ্রাবক, চুণ. সীস, এবং রৌপ্য ঘটিত লবণ প্রভৃতি।

২৪। [টার্টারেটেড্ এণ্টিমোনি।]

অসম্মিলন।

অম্ল, ক্ষার, ক্ষারকার্ব্বনেট্, হাইড্রোসল্ফিউরিক্ অ্যাসিড, সংযুক্ত লবণ, সীসধাতু ঘটিত লবণ, ট্যানিন এবং গ্যালিক অ্যাসিড সংযুক্ত উদ্ভিজ্জ দ্রব্যাদির সহিত প্রয়োগ নিষেধ।

২৫। (ডিজিটেলিস।)

অসম্মিলন।

লৌহ এবং সীস ঘটিত লবণ, এবং ট্যানিনযুক্ত উদ্ভিজ্জাদির সহিত ব্যবহার নিষিদ্ধ।

২৬। (ব্রোমাইড্ অব্ পটাশিয়ম)

অসম্মিলন।

ক্ষার, অম্ল এবং বিবিধ ধাতবলবণ সহযোগে অবিধেয়।

২৭। (ক্লোরাইড্ অব্ ক্যালসিয়ম)

অসম্মিলন।

লবণদ্রাবক ভিন্ন সমুদায় দ্রাবক, এমোনিয়া ভিন্ন সমুদায় ক্ষার, এবং ক্ষার কার্ব্বনেট সহিত প্রয়োগ করিবে না।

২৮। (মিউরিয়েট অব্ অ্যামোনিয়া)

অসম্মিলন।

ক্ষার, অম্ল, সীস, ও রৌপ্য ঘটিত ঔষধাদির সহিত প্রয়োগ অবিধেয়।

২৯। [ক্যালোমেল]

অসম্মিলন।

ক্ষার, ক্ষার কার্ব্বনেট্ লৌহ, অম্ল, সীস ও তাম্রআদি ধাতুঘটিত লবণ, ক্লোরিণ, হাইড্রো সলফিউরিক অ্যাসিড যুক্ত ঔষধাদির সহিত অবিধেয়।

৩০। [করোসিব্ সব্লিমেট]

অসম্মিলন।

ক্ষার ও ক্ষার কার্ব্বনেট, লবণদ্রাবক ভিন্ন সমুদায় দ্রাবক, টার্টার এমেটিক, নাইট্রেট্ অব্ সিল্ভার, সুগারঅব্লেড্, আইওডিন সংযুক্ত ঔষধ, উদ্ভিজ্জ সঙ্কোচক, এবং অণ্ডলাল ইত্যাদির সহিত প্রয়োগ নিষেধ।

৩১। [আইওডাইড্ অব্ পটাশিয়ম্]

অসম্মিলন।

অম্ল এবং ধাতু ঘটিত লবণ, ইত্যাদির সহিত অবিধেয়।

৩২। (ম্যাগ্নিসিয়া।

অসম্মিলন।

অম্লাধিক লবণ, ফট্কিরি, ধাতু ঘটিত লবণ, এবং নিসাদল ইত্যাদি সহিত নিষেধ।

৩৩। (সেনা)

অসম্মিলন।

দ্রাবক, ক্ষারকার্ব্বনেট্, চুণের জল, সীস, রৌপ্য এবং তাম্র ঘটি লবণ, রসকর্পূর, টার্টার এমেটিক, এবং পীত সিঙ্কোনার সহি অবিধেয়।

৩৪। (ম্যাগ্নিসিয়া সল্ফাস্)

অসম্মিলন।

গন্ধকদ্রাবক ভিন্ন সমুদায় দ্রাবক, ক্ষার ও ক্ষার কার্ব্বনেট্, চুণে জল, ক্লোরাইড্ অব্ ক্যালসিয়ম, সীস শর্করা, ইত্যাদি সহযো নিষিদ্ধ।

৩৫। (এসিড্ টার্টেট্ অব্ পটাশ)

অসম্মিলন।

দ্রাবক, অম্লাধিক লবন, ক্ষার ও ক্ষার কার্ব্বনেট্, সীস, রৌপ্য এ তাম্রঘটিত লবণ ইত্যাদির সহিত নিষিদ্ধ।

৩৬। [ফস্ফেট্ অব্ সোডা]

অসম্মিলন।

দ্রাবক, ধাতব এবং ক্ষারলবণ ইত্যাদি।

৩৭। [লাইকর্ এমোনিয়া এসিটেটিস্]

অসম্মিলন।

ক্ষার, ক্ষারকার্ব্বনেট্, অম্ল, ফটকিরি, চুণের জল, সীসশর্করা, এবং হিরাকস সহযোগে প্রয়োগ অবিধেয়।

৩৮। [গম্ এরকেসিয়া]

অসম্মিলন।

তীব্র, ধাতবঅম্ল, সুরাবীর্য্য, ইথর, সবএসিটেট্ অব্ লেড্, টিংফেরি, স্ফেস্কুই, ক্লোরাইড্ ও অন্যান্য অরিষ্ট প্রভৃতি।

৩৯। [লাইকর্ পটাসি]

অসম্মিলন।

অম্ল, অম্লাধিক লবণ, রসকর্পূর, ক্যালোমেল, ধুতরা, হেনবেন, এবং বেলাডোনা প্রভৃতি সহযোগে প্রয়োগ করিবে না।

ত্রয়োবিংশ অধ্যায়।

প্রস্তুত করণ।

১।

(গল্ অয়াইন্টমেন্ট ;)

মাজুফল চূর্ণ ... ৮০ গ্রেন।
রেপ্লোয়েটেড্ লার্ড ১ আউন্স।

উত্তমরূপে মর্দ্দন করিয়া মিলাইয়া লইবে।

২য়।

[আইওডিন অয়াইন্টমেন্ট]

আইওডিন পিণ্ডর ... ৩২ গ্রেন।
পটাস আইওডাইড ৩২ গ্রেন।
প্রুফ স্পিরিট্ ... ১ ড্রাম।
প্রিপেয়ার্ড লার্ড ... ২ আউন্স।

আইওডিন ও পটাস আইওডাইড্ প্রথমে প্রুফ স্পিরিটের সহিত ঘর্ষন করিয়া শেষে লার্ড মিশাইবে।

৩য়।

[একোনাইট অয়াইন্টমেন্ট।]

একোনাইট চূর্ণ ... ৮ গ্রেন।
স্পিরিট্ রেক্টিফায়েড্ ॥০ ড্রাম।
প্রিপেয়ার্ড লার্ড ১ আউন্স।

একোনাইট্কে স্পিরিটে মিশাইয়া লার্ড সংযোগ করিবে।

৪র্থ।

(রেজিন অয়াইণ্টমেন্ট।)

রেজিন ... ... ৪ আউন্স।
ইয়েলো ওয়াক্স ... ২ আউন্স।
সিম্পল অয়াইন্টমেন্ট ৮ আং।

একত্র মৃদু সন্তাপে গলাইয়া ফ্লানেলযন্ত্র দ্বারা ছাঁকিয়া শীতল হওন-পর্য্যন্ত অনবরত আবর্ত্তন করিবে।

৫ম।

(সালফার অয়েণ্টমেণ্ট।)

সালফার ... ... ৪ ড্রাম।
বেঞ্জোয়েটেড লার্ড ২ আউন্স।

একত্র মিশ্রিত কর।

৬ষ্ঠ।

(বেলাডোনা অয়েন্টমেণ্ট।)

একষ্ট্রাক্ট বেলাডোনা ৮০ গ্রেন।
প্রিপেয়ার্ড লার্ড ১ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

৭ম।

(বোরাসিক অয়েন্টমেন্ট।)

এসিড বোরাসিক ... ৮০ গ্রেন।
বেঞ্জোয়েটেড লার্ড ১ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

৮ম।

স্যাবাইন অয়েন্টমেন্ট।

স্যাবাইন পাউডার ২ আউন্স।
ইয়েলো অয়াক্স ... ৬ ড্রাম।
প্রিপেয়ার্ড লার্ড... ৪ আউন্স।

বসাওমোম গলাইয়া তাহাতে ২০ মিনিট পর্য্যন্ত সেবাইন ভিজাইয়া পরে ছাঁকিয়া লইবে।

৯ম।

বিনি ও ডাইড অব মর্কুরি অয়াইন্টমেন্ট।

হাইড্রার্জ বিনিওডাইড ১৬ গ্রেন
বেঞ্জোয়েটেড লার্ড ১ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

১০ম।

(জিঙ্ক অযেন্টমেণ্ট।)

জিনসাই অক্সাইড ৮০ গ্রেন।
লার্ড .... ১ আউন্স।

একত্র মিশাইয়া লইবে।

১১শ।

(এসিড নাইট্রিক ডাইলিউট।)

এসিড নাইট্রিক ষ্ট্রং ১ আউন্স।
পরিশ্রুত জল ... ৫ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

১২শ।

এসিড সলফিউরিক ডাইলিউট।

এসিড সলফিউরিক ষ্ট্রং ১ আং।
পরিশ্রুত জল ১৩ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

১৩শ।

(এসিড অ্যাসিটিক ডাইলিউট।)

এসিটিক অ্যাসিড ১ আউন্স।
পরিশ্রুত জল ... ৭ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

১৪শ।

(এসিড মিউরিয়াটিক ডাইলিউট)

মিউরিয়াটিক অ্যাসিড ১ আং।

পরিশ্রুত জল ... ৩ আউন্স।
মিশ্রিত করিয়া লইবে।

১৫শ।

এসিড্ নাইট্রোমিউরিয়াটিক ডাইলিউট।
এসিড্ নাইট্রিক্ষ্ট্রং ৩ আউন্স।
এসিড্ মিউরিয়াটিক্ষ্ট্রং ৪ আং।
পরিশ্রুত জল ... ২৫ আউন্স।
মিশ্রিত করিয়া ২৪ ঘন্টার পর ব্যবহার্য্য।

১৬শ।

[টিং আইওডিন কম্পাউণ্ড।]

আইওডিন ...... ১ ড্রাম।
পটাস আইওডাইড্ ৷৷০ ড্রাম।
স্পিরিট রেকটিফায়েড্ ৫ আং।
ভিজাইয়া লও।

১৭শ।

লিনিমেন্ট ক্যাম্ফর।

ক্যাম্ফর ... ... ২ ড্রাম।
অলিব্ অয়েল ... ... ১ আং
দ্রব করিয়া লইবে।

১৮শ।

[লিনিমেন্ট ক্যাম্ফর কম্পাউণ্ড।]

ক্যাম্ফর ... ... ১০ ড্রাম।
লাভেণ্ডার অয়েল ... ৷০ ড্রাম।
লাইকর্ এমনষ্ট্রং ২৷০ আউন্স।
স্পিরিট রেকটিফায়েড ৭৷৷০ আং।
কর্পূর ও ল্যাভেণ্ডার্ অয়েল সুরাতে দ্রব করিয়া ক্রমশ মিলাইবে।

১৯শ।

(লিনিমেন্ট ওপিয়াই।)

টিং ওপিয়ম ...... ১ আউন্স।
লিনিমেণ্ট স্যাপনিস্ ১ আউন্স।
একত্র মিশ্রিত করিয়া লইবে।

২০শ।

(লিনিমেন্ট অ্যামোনিয়া।)

লাইকর্ অ্যামোনিয়া ১ আউন্স।
জলপাইয়ের তৈল ৩ আউন্স।
একত্র অালোড়ন দ্বারা মিশাইবে।

২১শ।

লিনিমেন্ট ক্লোরফর্ম।)

ক্লোরফর্ম্ম পিওর ... ১ আউন্স।
লিনিমেণ্ট ক্যাম্ফর ১ আউন্স।
মিশাইয়া লও।

২২শ।

[লিনিমেন্ট আইওডিন।]

আইওডিন ... ... ৫ ড্রাম।
পটাস আইওডাইড্ ২ ড্রাম।
ক্যাম্ফর .... ১ ড্রাম।
স্পিরিট্ রেকটিফায়েড্ ৫ আং।
একত্র মিলাইয়া লইবে।

২৩শ

(স্পিরিট ক্যাজুপটি।)

ক্যাজুপট অয়েল ... ১ আউন্স।
রেকটিফায়েড্ স্পিরিট ৪৯ আং।
মিশাইয়া লও।

২৪শ।

(স্পিরিট্ ক্যাম্ফর।)

ক্যাম্ফর ... ... ১ আউন্স।

স্পিরিট রেকটিফায়েড ৯ আং।
দ্রব করিয়া লও।

২৫শ।

(স্পিরিট ক্লোরোফর্ম।)

ক্লোরফর্ম ... ... ১ আউন্স।
রেকটিফায়েড স্পিরিট ১৯ আং।
দ্রব করিয়া লও

২৬শ।

(স্পিরিট পিপরমিন্ট।)

অয়াইল মেন্থপীপ ১ আউন্স।
স্পিরিট রেকটিফ য়েড ৪৯ আং।
দ্রব করিয়া লইবে।

২৭শ।

(চক মিকশ্চর।)

প্রিপেয়ার্ড চক ...... ২ ড্রাম।
গমএকেসিয়া ...... ২ ড্রাম।
সিরপ ... ... ৪ ড্রাম।
একোয়া সিনেমম ৭॥০ আউন্স।
একত্র মিশ্রিত করিয়া লইবে।

২৮শ।

(ডিকক্সন লিনসীড।)

লিনসীড ... ... ১ আউন্স।
লিকরিশরুট ... ... ৪ ড্রাম।
পরিশ্রুত জল ... ১।০ পাইন্ট।
১০ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া শীতল হইলে কাপড়দ্বারা ছাঁকিবে।

২৯শ।

ডিকক্সন সিনকোনা।

সিনকোনা বার্কচূর্ণ ১ আউন্স।
জল .... ১৬ আউন্স।
১০ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া শীতল হইলে ছাঁকিয়া লইবে।

৩০শ।

(ডিকক্সন সারসা।)

জেমেকাসারসা প্যারিলা ২॥০ আং
হট ওয়াটর ১॥০ পাইন্ট।
আবৃতপাত্র মধ্যে ১ ঘণ্টা ভিজাইয়া পরে ১০ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিয়া লইবে শেষ এক পাইণ্ট।

৩১শ।

(ইনফিউজম কলম্বা।)

ক্যালম্বি রেডিক্স ...... ২ ড্রাম।
জল ... ... ৫ আউন্স।
এক ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩২শ।

(ইনফিউজম সেনেগা।)

সেনেগা রূট ... ১ আউন্স।
স্ফুটিত জল ... ১ পাইন্ট।
এক ঘন্টা পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৩শ।

(ইনফিউজম সেনা।)

সোনামুখী .. ১ আউন্স।
শুণ্টি ... ... ॥০ ড্রাম।
স্ফুটিত জল ... ১০ আউন্স।
আবৃত পাত্র মধ্যে এক ঘন্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৪শ।

(ইন ফিউজম লিনসীড।)

তিসি ... ... ১৬০ গ্রেন

যষ্টিমধু কুট্টিত ...... ১ ড্রাম
স্ফুটিত জল ... ১০ আউন্স।
আবৃত পাত্র মধ্যে ৪ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৫শ।

(ইনফিউজম্ বুকু।)

বকু ফোলিয়া ... ৪ ড্রাম।
স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং।
এক ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৬শ।

(ইনফিউজম্ চিরেটা।)

চিরতা কুট্টিত ...... ১ ড্রাম।
জল .... ৫ আউন্স।
অৰ্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৭শ।

(ইনফিউজম্ ডিজিটেলিস।)

ডিজিটেলিস ফোলিও ॥০ ড্রাম।
স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং।
অৰ্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৮শ।

(ইনফিউজম্ ম্যাটিকোলিভস্)

ম্যাটিসি ফোলিও ॥০ আউন্স।
স্ফুটিত পরিশ্রুত জল ১০ আং।
অৰ্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৩৯শ।

ইনফিউজম্ ক্যাটিকিউ।

ক্যাটিকিউ চূর্ণ ... ২ ড্রাম।
সিনেমম্ পাউডর ॥০ ড্রাম।
স্ফুটিত জল ... ১০ আউন্স।
অৰ্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৪০শ।

(ডোভর্স পৌডর্।)

পল্ভ্ ইপিক্যাক ... ৬ গ্রেন।
সল্‌ফেট্ অব্ পটাশ্ ৪৮ গ্রেন।
পল্ভ্ ওপিয়াই ... ৬ গ্রেন।
একত্রে উত্তমরূপে মিশ্রিত করিবে।

৪১শ।

(পল্ভ্ কাইনো কম্পাউণ্ড।)

কাইনো চূর্ণ ... ৩৷৶০ আং।
অহিফেন চূর্ণ ... ২ ড্রাম।
দারুচিনি চূর্ণ ... ১ আং।
একত্রে উত্তমরূপে মিশাইবে।

৪২শ।

(সেডলিজ পাউডর্।)

সোডিপটাশিও টার্ট্রাস ২ ড্রাম।
সোডিবাই কার্ব্ব ৪০ গ্রেন।
দুই আউন্স জলে দ্রব করিয়া তাহার সহিত ৩০ গ্রেন সাইট্রিক বা টার্টারিক অ্যাসিড মিলাইবে ফুটিয়া উঠিলে খাইবে।

৪৩শ।

[লাইকর্ অ্যামোনিয়া এসিটেটিস্]

এসিড্ অ্যাসিটিক ... ৫ আউন্স।
এমোনি কার্ব্বনাস (যথাপ্রয়োজন)
প্রথমে অ্যাসিডের সহিত অ্যা-

মোনিয়া মিশ্রিত কর, যে পর্য্যন্ত সমক্ষারাম্ল না হয় পরে এক ভাগে পাঁচ ভাগ হিসাবে ২৫ আউন্স জল মিশ্রিত কর।

৪৪শ।

(একোয়া ক্লোরফর্ম্ম)

ক্লোরোফর্ম্ম ... ... ॥০ ড্রাম।
পরিশ্রুত জল ... ১২ আউন্স।

একত্র করিয়া এক পাইন্ট বোতলে উত্তমরূপে বদ্ধ করিয়া আলোড়ন করিবে যে পর্য্যন্ত ক্লোরোফর্ম্ম সম্পূর্ণ দ্রব না হয়।

৪৫শ।

(একোয়া ক্যাম্ফর)

ক্যাম্ফর ... ... ॥০ আউন্স।
পরিশ্রুত জল ... ১ গ্যালন।

কর্পূরকে এক খণ্ড বস্ত্রে বাঁধিয়া ভিজাইবে প্রয়োজন মতে জল ঢালিয়া লইবে।

৪৬শ।

(ইনফিউজম আর্গোটিনা)

আর্গট চূর্ণ ... ... ২ ড্রাম।
স্ফুটিত পরিশ্রুত জল ১০ আউন্স

অর্দ্ধঘণ্টা পর্য্যন্ত আবৃত পাত্র মধ্যে ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

৪৭শ।

(ইনফিউজম্ কোয়াসিয়া]

কোয়াসিয়া উড্ ... ১ ড্রাম।
জল ... .. ১ আউন্স।

আবৃত পাত্র মধ্যে অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবে

৪৮শ।

(এগ্ মিক্‌শ্চর)

ব্র্যাণ্ডি ... ... ৪ আং।
সিনেমন্ ওয়াটর ... ৪ আং
মুরগী অণ্ডের কুসুম ... ২ টি
সুগার ... ... ৪ ড্রাম

একত্র উত্তম রূপে মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ॥০-১॥ আং

৪৯শ।

(ব্ল্যাক ওয়াস)

ক্যালোমেল ... ... ৩ গ্রেন
লাইম ওয়াটর ... ১ আউন্স।

একত্র মিশ্রিত করিয়া আলোড়ন দ্বারা মিশাইবে।

৫০শ।

[ইয়েলো ওয়াস]

করোসিব সব্লিমেট ১৮ গ্রেন।
লাইম্ ওয়াটর ... ১০ আউন্স।

মিশ্রিত করিয়া লইবে।

চতুর্বিংশ অধ্যায়।

নিম্ন লিখিত ঔষধদিগের দ্বারায় বিষাক্ত হইলে বিষনাশার্থ যে যে ঔষধ প্রয়োগ করিতে হয় তাহার বিবরণ।

[Antidotes.]

(১ম)

হাইড্রোসিয়ানিক এসিড।

বিষঘ্ন। এমেটীক, বিষনাশার্থ কার্ব্বনেট্ অব্ পটাশ, টিংফেরি পর্ক্লোরাইড্, এতদ্ভিন্ন এমোনিয়া ও ক্লোরিন সেবন করাইবে ও বায়ুর সহিত মিশ্রিত করিয়া আঘ্রাণ করাইবে।

(২য়)

বেলাডোনা।

বিষঘ্ন। বিরেচক ও বমনকারক ঔষধ। বিষনাশার্থ উদ্ভিজ্জ অম্ল, মাজুফলের ক্বাথ, গ্রীন, চা, লাইকর্ পটাশি, লাইকর্ সোডি, একোয়া ক্যালসিস, এতদ্ভিন্ন মস্তক মুণ্ডণ করিয়া শৈত্যপ্রয়োগ, অবসন্নাবস্থায় উত্তেজক।

(৩য়)

ওপিয়ম।

বিষঘ্ন। বমনকারক ঔষধ, ষ্টম্যাকপাম্প দ্বারা পাকাশয় ধৌত, মস্তকে ক্রমাগত শীতল জলধারা, অবসন্নাবস্থায় অ্যামোনিয়া, ব্র্যাণ্ডি প্রভৃতি উত্তেজক। বক্ষ, উদরে, অধশাখায় সর্ষপেরপটি, পৃষ্ঠবংশে ইলেক্‌ট্রিসিটি এভিন্ন বেলাডোনা, ষ্ট্র্যামোনিয়ম, ব্রোমাইড্ প্রভৃতি আভ্যন্তরিক।

[৪র্থ]

টার্টার এমেটিক।

বিষঘ্ন। দুগ্ধ ও জল-পানদ্বারা বমন উত্তেজিত করিবে। ডিকক্‌সন ওকবার্ক, ওপিয়ম, গ্যালিক এবং ট্যানিক অ্যাসিড্, টিংগলস টিং ও ডিঃ সিনকনা আভ্যন্তরিক।

(৫ম)

ফস্ফরস।

বিষঘ্ন। মিউসিলেজ ও ডিম্বের শ্বেতাংশযুক্ত পানীয় অধিক পরিমাণে পান করাইয়া বমন উত্তেজিত করিবে, পূর্ণমাত্রায় ম্যাগ্নিসিয়া তৈলব্যবহার নিষিদ্ধ।

(৬ষ্ঠ)

আইওডিন।

বিষঘ্ন। বমনকারক ঔষধ, এরারুট, ষ্টার্চ্চ, অন্নমণ্ড। যতক্ষন আই-ওডাইড্ ষ্টার্চবৎ বমন নাহয় সে পর্য্যন্ত ষ্টার্চসেবা, এমোনিয়া, পটাশ, সোডা ও তাহাদের কার্ব্বনেট্ ভিনিগার ও জল, বার্লি ওয়াটর্, লেবুররস, বিবিধ প্রকার তৈলপান। নাইট্রেট্, সল-ফেট্, ও এসিড টার্ট্রেট্ অব্ পটাশ, এতদ্ভিন্ন স্নিগ্ধপানীয়।

(৭ম)

আর্সেনিক্।

বিষঘ্ন। বমনকারকঔষধ, ষ্টম্যাকপম্প, মিউসিলেজ ও ডিমের শ্বেতাংশযুক্ত পানীয় দ্বারা বমন। দুগ্ধ, ঘৃত, কাঁচাডিম্ব, চুণেরজল, অলিভ অয়েল, ক্যাষ্টরঅয়েল, জান্তব অঙ্গার, ক্যালসাইণ্ড— ম্যাগ্নিসিয়া, ফেরিঅক্সাইডম্ হাইড্রেটম্, উত্তেজক, ওপিয়ম, কোনায়ম, হেন-বেন ইত্যাদি।

(৮ম)

করোসিব্ সব্লিমেট্।

বিষঘ্ন। বমন উত্তেজিত করিবে, য়্যালবুমেন ও গ্লুটেন, ডিম্বের শ্বে-তাংশ, ময়দা, দুগ্ধ, স্নিগ্ধপানীয়, বরফ, য়্যালম ও মহ গার্গল্, ট্যানিন, বোরাক্স ও ক্লোরিনেট্ সোডা গার্গল, ওপিয়েটম, ক্লোরেট্ অব পটাশ, আইওডাইড্ অব্ পটাশিয়ম ইত্যাদি।

(৯ম)

নাইট্রেট অব্ সিলভার।

বিষঘ্ন। লবণ, বমন না হইতে থাকিলে বমনকারক ঔষধ।

(১০ম)

নক্সভমিকা, ষ্ট্রিক্নিয়া, ব্রুসিয়া।

বিষঘ্ন। ষ্টম্যাকপম্প, বিরেচক পীচ্কারি, অলিভ অয়েল্, এনিমেল চারকোল, ক্লোরোফর্ম্ম আঘ্রান দ্বারা আক্ষেপ নিবারণ।

(১১শ)

অ্যাকোনাইট।

বিষঘ্ন। বমনকারক ও বিরেচক, বিষনাশার্থ জান্তব অঙ্গার, ট্রংকফি, অ্যামোনিয়া, ব্র্যাণ্ডি, শাখাদ্বয় মর্দ্দন, কৃত্রিম শ্বাসপ্রশ্বাস।

(১২শ)

ষ্ট্র্যামোনিয়ম।

বিষঘ্ন। বমনকারক, বিরেচক ক্যাষ্টরঅয়েল, রগের উপর জলৌকা বসাইবে।

(১৩শ)

ডিজিটেলিস।

বিষঘ্ন। বমনকারক, বিরেচক ক্যাষ্টরঅয়েল, ট্যানিন ঘটিত টিং, ইনফিঃ, ডিঃওকবার্ক, ট্যানিক অ্যাসিড্ ও জল, ষ্ট্রং কফি, ব্রাণ্ডি।

(১৪শ)

সল্ফেট্ অব্ কপার।

বিষঘ্ন। উষ্ণজলপান দ্বারা বমন উত্তেজিত করিবে, বিষনাশার্থ ডিম্বের শ্বেতাংশ, দুগ্ধ, মিউসিলেজযুক্ত পানীয়।

১৫শ

ক্লোরোফর্ম্ম।

বিষঘ্ন। এমিল নাইট্রাস, অক্সিজেন, গ্যালবানিজম্, কৃত্রিম শ্বাস ক্রিয়া, শীতল জলাভিঘাত।

[১৬শ]

মিনারেল অ্যাসিড্।

বিষঘ্ন। স্নিগ্ধপানীয় দ্বারা দ্রাবকের তেজহ্রাস। বিষনাশার্থ ক্ষার, যথা— ম্যাগ্নিসিয়া, খড়ি, চুণ, সোডা, অভাবে সাজিমাটী, নারিকেল বা কদলিপত্র ভস্ম, প্রদাহ নিবারণার্থ ওপিয়ম, উদর প্রদেশে পুলটিস বা জলৌকা, অবসন্নাবস্থায় উত্তেজক।

[১৭শ]

হেম্প।

বিষঘ্ন। উষ্ণজল, ব্রাণ্ডি, লেবুররস ও ভিনিগার; অবসন্নাবস্থায় উত্তেজক ও গ্রীবাদেশে ব্লিষ্টর।

পঞ্চবিংশ অধ্যায়।

কোন্ কোন্ ঔষধে কত পরিমাণে প্রধান ঔষধ আছে। (Strength of the medicine.)

ঔষধ সকলের নাম	প্রধান দ্রব্য	প্রধান দ্রব্যের পরিমাণ,
টিংচর্ ওপিয়ম্	ওপিয়ম	১৪ $\frac{১}{২}$ মিঃ এক গ্রেন।
লিনিমেন্টম্ ওপিয়াই	ঐ	$\frac{১}{২}$ ড্রামে ১ এক গ্রেন।
ভাইনম্ ওপিয়াই	ঐ	২২ মিনিমে ১ গ্রেন।
এমপ্ল্যাষ্ট্রম্ ওপিয়াই	ঐ	১০ গ্রেনে ১ এক গ্রেন।
ডোভার্শ পাউডর্	ঐ	১০ গ্রেনে ১ এক গ্রেন।
পল্ভ্ কাইনো কম্পাউণ্ড	ঐ	২০ গ্রেনে ১ এক গ্রেন।
পল্ভ ক্রেটাএরোমেট কমওপিও	ঐ	৪০ গ্রেনে ১ এক গ্রেন।
টিংচর্ ক্যাম্ফর কম্পাউণ্ড	ঐ	৪ ড্রামে ১ এক গ্রেন।
কন্ফেকশিয়ো ওপিয়াই	ঐ	৪০ গ্রেনে ১ এক গ্রেন।
ট্রোচিসাই ওপিয়াই	ঐ	১০ চাক্তিতে ১ এক গ্রেন।
এনিমা ওপিয়াই	ঐ	১ এক আউন্সে এক গ্রেন।
এক্ষ্ট্রাক্টম্ ওপিয়াই লিকুইডম্	ঐ	২২ মিনিমে ১ এক গ্রেন।
পাইল্যুলা স্যাপনিস কম্পজিটা	ঐ	৬ গ্রেনে ১ এক গ্রেন।
পাইল্যুলা ইপিকাকুয়ানি কম্সিলা	ঐ	২৩ গ্রনে এক গ্রেন।

পলভ ওপিয়াই কম্পাউণ্ড	ওপিয়ম	১০ গ্রেনে এক গ্রেন।
একষ্ট্রাক্ট ওপিয়াই	ঐ	$\frac{১}{২}$ গ্রেনে ১ গ্রেনের সমান
লাইকর আর্সেনিকেলিস	আর্সেনিক	১ ড্রামে $\frac{১}{২}$ গ্রেন।
,, ষ্ট্রিকনিয়া	ষ্ট্রিকনিয়া	ঐ
,, মর্ফিয়া	মর্ফিয়া	ঐ
,, এট্রোপিয়া	এট্রোপিয়া	ঐ
ভাইনম ইপিকাকুয়ানা	ইপিক্যাক	২২ মিনিমে এক গ্রেন।
টিংচর বেলাডোনা	বেলাডোনা-পত্র	ঐ
লাইকর হাইড্রার্জ পর্ক্লোরাইড	রসকর্পূর	১ ড্রামে $\frac{১}{৮}$ গ্রেন।
টিংচর নক্সভমিকা	কুঁচিলা	২২ মিনিমে ২ গ্রেন।
ট্রোচিসাই মর্ফিয়া	মর্ফিয়া	১ চাক্তিতে $\frac{১}{৩৬}$ গ্রেন।
সপোজিটোরিয়া মর্ফি	ঐ	১ সপোজিটোরিতে $\frac{১}{২}$ গ্রেন
টিংচর একোনাইট	একোনাইট-মূল	১৮ মিনিমে ২ গ্রেন।
ভাইনম কলচিসাই	কলচিকম	১১ মিনিমে ২ গ্রেন।
টিংচর কোনায়ম	কোনায়ম	১৮ মিনিমে ২ গ্রেন।
টিংচর ক্যান্থারিডিস	ক্যান্থারিডিস	৪৪ মিনিমে $\frac{১}{২}$ গ্রেন।
ভাইনম এণ্টিমনি	টার্টার-এমেটিক	২ ড্রামে ॥০ গ্রেন।
হাইড্রার্জ কমক্রেটা	মার্কুরি	৩ গ্রেনে এক গ্রেন।
সিরপফেরি আইওডাইড	ফেরি	১ ড্রামে ৪$\frac{১}{২}$ গ্রেন।
টিংচ্যুরা কোয়াইনি	কুইনাইন	১ ড্রামে ১ এক গ্রেন।
ভাইনম কোয়াইনি	ঐ	১ আং ১ এক গ্রেন।
লাইকর বিসমথ	বিসমথ-অক্সাইড	১ এক ড্রামে ৩ গ্রেন।
ডনভন সোল্যুসন	আর্সেনিক	১ এক ড্রামে $\frac{১}{১২}$ গ্রেন।

ষড়্‌বিংশ অধ্যায়।

নিম্ন লিখিত ঔষধগুলি বিষ।

(Poison)

হাইড্রোসিয়ানিক অ্যাসিড, বেলাডোনা, আর্সেনিক, অ্যাকোনাইট, ষ্ট্রিকনিয়া, হাইওসিয়েমাই, মর্ফিয়া, ওলিয়ম ক্রোটনিস, টার্টার-এমেটিক, কার্ব্বলিক অ্যাসিড, আইডোফর্ম্ম, ক্যান্থারাইডিস, মর্কুরি, ষ্ট্রামোনিয়ম, আইওডিন, কার্ব্বনিক অ্যাসিড, ক্যালেবারবীন, কলচিকম, নক্সভমিকা, কোনায়ম, ইণ্ডিয়ানহেম্প, এট্রোপিয়া, ওপিয়ম, ক্রিয়োজোট, পডফাইলম, কুপ্রাই সলফাস, আর্জ্জেণ্টাই নাইট্রাস, প্লম্বাই অ্যাসিটাস, কষ্টিক পটাশ, কলোডিয়ম, ইলাটেরিয়ম, নার্কোটিনা, পটাশি আইওডাইডস, অ্যালকোহল, পটাশি পরম্যানগ্যানাস, অক্‌জ্যালিক অ্যাসিড, আর্গোটিনা, আর্ণিসি রেডিক্স, কলোসিন্থিডিস, পলপা, জিঙ্কম, ক্যাম্ফর, ডিজিটেলিস, ক্লোরেল হাইড্রাস, ক্রোটন ক্লোরেল হাইড্রাস, ক্লোরোফর্ম্ম, ফস্‌ফরিক অ্যাসিড, ফেরোসায়েনাইড অব পটাশ, বিটার আমণ্ডাস এবং নির্জ্জলাবস্থায় দ্রাবক সমূহ বিষ ক্রিয়া করে।

সপ্তবিংশ অধ্যায়।

[মাত্রানির্ণায়ক কোষ্টক।]

পূর্ণ বয়স্কদের জন্য—	৬০ গ্রেন বা মিনিম,		১ হইলে।
১৪ বৎসর বয়স্কের পক্ষে	৩০	বা	১/২
৭ ,, ,, ,,	২০	,,	১/৩
৫ ,, ,, ,,	১৫	,,	১/৪
৩ ,, ,, ,,	১০	,,	১/৬
১ ,, ,, ,,	৬	,,	১/১০
৬ মাস ,, ,,	৩	,,	১/২০
৩ ,, ,, ,,	২	,,	১/৩০

পশ্চাল্লিখিত কোষ্টক অনুসারে মাত্রার তারতম্য করিবে। কিন্তু পুরুষ অপেক্ষা স্ত্রীলোকদের মাত্রা কিছু হ্রাস করা কর্ত্তব্য এবং ৬৫ বৎসরের পর অবধি ক্রমশ মাত্রা হ্রাস হইতে থাকিবে।

অষ্টাবিংশ অধ্যায়।

(Prescription)

ব্যবস্থাপত্র।

পূর্ণ বয়স্কের পক্ষে লিখিত হইল বয়ক্রম অনুসারে মাত্রার তারতম্য করিবে।

(Feaver mixture.)

[ফিবর মিক্শ্চর।]

R.

লাইকর্ এমোনিয়া এসিটেটিস	৬ ড্রাম।
স্পিরিট ইথর নাইট্রিক	২ ড্রাম।
পটাসি নাইট্রাস	১ ড্রাম।
,, সাইট্রাস	১ ড্রাম।
সিরপ অব্ লেমন	৬ ড্রাম।
একোয়া মেস্থপীপ	৪ আউন্স।

একত্র মিশ্রিত করিয়া শিশির গায়ে ৬টি দাগ করিবে এক এক দাগ ২।২ ঘন্টা অন্তর জ্বরকালীন সেব্য।

[২য় প্রকার।]

R.

ম্যাগ্নিসিয়া সল্ফাস্	৬ ড্রাম।
নাইট্রিক ইথর	১।৹ ড্রাম।
পটাসি নাইট্রাস	১ ড্রাম।
লাইকর্ অ্যামোনিয়া এসিটেটিস	১ আউন্স।
ভাইনম্ এন্টিমোনিয়েলিস	১ ড্রাম।
একোয়া ক্যাম্ফর	৫ আউন্স।

একত্র মিশাইয়া শিশির গায়ে ৬ টি দাগ করিবে ১।১ দাগ ২।৩ ঘন্টান্তর জ্বর সত্ত্বে কোষ্ট বদ্ধ থাকিলে সেব্য যদি বমন থাকে তবে ভাইনম্ অ্যান্টিমোনিয়েল দিবেনা।

(৩য় প্রকার।)

R.

টিংচর ডিজিটেলিস ... ... ৩০ মিনিম।
ভাইনম ইপিকাকুয়ানা ... ... ৬০ মিনিম।
লাইকর অ্যামোনিয়া এসিটেটিস ... ... ১ আউন্স।
স্পিরিট ক্লোরোফর্ম ... ... ১ ড্রাম।
,, এমোনিয়া এরোমেটিক ... ... ১½ ড্রাম।
স্পিরিট ইথর নাইট্রিক ... . ১৷৹ ড্রাম।
একোয়া এনিসি ... ... ৫ আউন্স।

একত্রিত করিয়া ৬ টি দাগ করিবে ১।১ দাগ ২।৩ ঘণ্টান্তর জ্বর, কফ, কাশি এবং পার্শ্ববেদনায় ব্যবহার্য্য।

[৪র্থ প্রকার।]

R.

এসিড সাইট্রিক .. .. ১ ড্রাম।
লাইকর অ্যামোনিয়া এসিটেটিস .. ... ৬ ড্রাম।
পটাসি নাইট্রাস ... ... ১ ড্রাম।
,, সাইট্রাস .... ১ ড্রাম।
সিরপ অর‍্যানসাই .. .. ৬ ড্রাম।
একোয়া পিওর ... ... ৪ আউন্স।

একত্র করিয়া শিশির গায়ে ৬ টি দাগ কর।

সোডি বাইকার্ব্বনাস ... ...১৷৹ ড্রাম।

ইহাতে ৬ টি পুরিয়া তৈয়ার কর— ১।১ টি পুরিয়া ৪র্থ প্রকার মিকশ্চারের ১।১ দাগ লইয়া একত্র মিশ্রিত করিলে ফুটিয়া উঠিবার সময় ২।৩ ঘণ্টান্তর রোগীকে সেবন করাইবে। জ্বরকালীন পিপাসা ও বমন রোগে প্রয়োজ্য।

R.

(Quinine mixture.)

(কুইনাইন মিকশ্চর।)

কুইনাইন সল্ফ .... ১২ গ্রেন।
এসিড্ সলফিউরিক ডাইলিউট...... ... .. ২০ মিনিম।
টিংচর কার্ডেমম্ কম্পাউণ্ড ... ... ১ ড্রাম।
একোয়া পিওর ... ... ৩ আউন্স।

একত্র মিশাইয়া ৪ মাত্রা করিবে ১।১ মাত্রা জ্বর মগ্নকালে ১।২ ঘণ্টান্তর সেবন।

(Tonic—mixture.)
(টনিক মিক্‌শ্চর।)

R.

এসিড্ নাইট্রোমিউরিয়াটিক ডাইলিউট ... ... ১ ড্রাম।
কুইনাইন সল্‌ফাস্ ... ... ১২ গ্রেন।
ফেরিয়েট অ্যামোনিয়া সাইট্রাস ...... ১ ড্রাম।
টিংচর্ জিঞ্জিবারিস .... ৪ ড্রাম।
,, কলম্বা ... ... ৪ ড্রাম।
ইনফিউজম্ কোয়াসিয়া ... ... ৮ আউন্স।

একত্র মিশ্রিত করিয়া শিশিরগায়ে ১২টি দাগকর এক এক দাগ দৌর্ব্বল্য ও নিরক্তাবস্থায় প্রত্যহ তিনবার সেবন।

[দ্বিতীয় প্রকার।]

R.

এসিড্ নাইট্রোহাইড্রোক্লোরিক ডিল ... ... ২ ড্রাম।
টিংচর্ কলম্বা ... ... ৪ ড্রাম।
,, জেনসান কম্পাউণ্ড ... ... ৪ ড্রাম।
স্পিরিট ইথর ক্লোরিক ... ... ২ ড্রাম।
টিংচর নক্সভমিকা ... ...।০ ড্রাম।
এক্‌ষ্ট্রাক্ট ট্যারেক সেকম্ ... ... ২ ড্রাম।
ফেরিয়েট কুইনাইন সাইট্রাস ... ... ১ ড্রাম।
ইনফিউজম্ ক্যালম্বী ... ... ৮ আউন্স।

একত্র করিয়া ১২টি দাগ কাট ১। ১ দাগ দৌর্ব্বল্য, নিরক্তাবস্থায়, অজীর্ণ এবং যকৃত রোগে প্রত্যহ তিনবার আহারের পর সেব্য।

(Spleen—mixture.)
(প্লীন মিক্‌শ্চর।)

R.

এসিড্ সলফিউরিক ডিল ... ... ২ ড্রাম।
কুইনাইন ডাইসাল্প ... ... ১২ গ্রেন।
ফেরি সলফাস্ ... ... ১২ গ্রেন।
ম্যাগ্নিসিয়া সল্‌ফাস্ ... ... ১ আউন্স।

টিং কলম্বা ... ... ২ ড্রাম।
ইনফিউজম্‌ ক্যালম্বী .... ৮ আউন্স।
টিং জিঞ্জিবারিস .... ২ ড্রাম।
একত্র করিয়া ১২ দাগ করিবে ১। ১ দাগ পীড়া রোগে প্রয়োজ্য।
পেটেরপীড়া থাকিলে ম্যাগ্নিসিয়া সল্‌ফাস্‌ দিবেনা।

[Stimulant mixture.]
(ষ্টিমিউলাণ্ট মিক্‌শ্চর।)

R.

স্পিরিট অ্যামোনিয়া এরোমেটিক ... ... ২ ড্রাম।
" ইথর ক্লোরিক .... ২ ড্রাম।
টিং মস্ক ... ... ১ ড্রাম।
ভাইনম্‌ গ্যালিসাই .... ৬ ড্রাম।
টিংচর্‌ সিনকোনা কম্পাউণ্ড ... ... ২ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... ... ৫ আউন্স।
একত্র করিয়া ৬টি দাগ কাট ১। ১ দাগ নাড়ি ত্যাগ, হিমাঙ্গ প্রভৃতি হইলে উত্তেজন জন্য অবস্থানুসারে $\frac{১}{২}$ বা এক ও দুই ঘণ্টান্তর ব্যবহার্য্য।

(২য় প্রকার।)

R.

সলফিউরিক ইথর .... ২ ড্রাম।
ভাইনম্‌ গ্যালিসাই নং ১ .... ২ আউন্স।
স্পিরিট্‌ ক্লোরোফর্ম .... ২ ড্রাম।
" অ্যামোনিয়া আরোমেটিক ... ... ২ ড্রাম।
অয়াইল মেন্থপীপ ... ... ৮ মিনিম।
কর্পূরের জল ... ... ৬ আউন্স।
একত্র করিয়া ৮টি দাগকাট ১। ১ দাগ উত্তেজনার্থ ব্যবহার্য্য।

Cholera mixture.
[কলেরা মিক্‌শ্চর।]

R.

ক্লোরোডাইন .... ১ ড্রাম।
লাইকর বিসমথ এটএমন সাইট্রাস ... ... ১ ড্রাম।

সিরপ্‌ অব্‌ লেমন ... . ৪ ড্রাম।
একোয়া ক্যাম্ফর ... . ৩ আউন্স।
একত্র করিয়া ৪টি দাগ দাও ১।১ দাগ বিসূচিকা ও ডায়েরিয়া রোগে প্রয়োজন মতে ১।২।৩ ঘণ্টান্তর ব্যবহার্য্য।

[অন্য প্রকার।]

R.

এসিড্‌ অ্যাসিটিক ফর্ট ... ... ৩০ মিনিম।
প্লম্বাই অ্যাসিটাস ... ... ১২ গ্রেন।
টিং ওপিয়ম্‌ ... ... ১ ড্রাম।
অ্যাকোয়া মেস্থপীপ .... ৫ আউন্স।
একত্র মিশ্রিত কর। এবং শিশির গায়ে ৬টি দাগ দাও ১।১ দাগ বিসূচিকায় [বিশেষ কৃমিজনিত হইলে] ২।২ বার দাস্ত হইবার পর সেবন।

Gonorrhoea mixture.

(গনোরিয়া মিক্‌শ্চর।)

R.

অয়াইল কোপেবা .... ২ ড্রাম।
,, কিউবেব ... ... ৪০ মিনিম।
লাইকর্‌ পটাশি .... ৮০ মিনিম।
নাইট্রিক ইথর .... ২ ড্রাম।
টিং হাইওসায়েমস্‌ .... ৮০ মিনিম।
সুগর (চিনি) .... ৪ ড্রাম।
ইনফিউজন্‌ বকু ....৬ আউন্স।
একত্র মিশাইবে। এবং শিশিরগায়ে ৮টি দাগ কাট ১।১ দাগ প্রমেহ রোগে প্রত্যহ তিনবার সেবন।

Spleen powder.

(স্প্লীন পাউডর্‌।)

ফেরি সলফাস .... ১২ গ্রেন।
পল্‌ভ রিয়াই .... ২৪ গ্রেন।
,, কলম্বা .... ২৪ গ্রেন।
,, জিঞ্জিবারিস .... ২৪ গ্রেন।

পটাশি বাইট্রাস	......	......	২৪ গ্রেন।
কুইনাইন ডাইসল্‌ফাস	......	......	১২ গ্রেন।
পল্‌ভ জালাপ	....	....	২৪ গ্রেন।

একত্র মিশ্রিত করিয়া ১২টি পুরিয়া তৈয়ার কর, ১। ১ পুরিয়া প্লীহারোগে প্রত্যহ তিনবার সেবন ৷ পেটেরপীড়া থাকিলে জালাপ ও পটাশ বাইটার্ট দিবে না।

Fever powder.
(ফিবার পাউডর্।)

R.

পল্‌ভ এন্টিমোনি কম্পাউণ্ড	....	....	১২ গ্রেন।
পটাশি নাইট্রাস	....	....	৩০ গ্রেন।
পল্‌ভ ইপিক্যাক	......	......	৩ গ্রেন।
হাইড্রার্জ সব্‌ ক্লোরাইড্‌	......	......	৬ গ্রেন।
সোডি বাইকার্ব্বনাস	....	......	৩০ গ্রেন।
অয়াইল মেস্থপীপ	....	....	৬ মিনিম।

একত্র উত্তমরূপে মিশাইয়া ৬টি পুরিয়া তৈয়ার কর, ১। ১ পুরিয়া জ্বর সত্ত্বে কোষ্টবদ্ধ থাকিলে ২। ২ ঘণ্টা অন্তর সেবন। রোগীর কোষ্ট পরিষ্কার থাকিলে হাইড্রার্জ সব্‌ ক্লোরাইড্‌ দিবেনা।

(২য় প্রকার।)

R.

জেমেস পাউডর্	... ...	... ...	১০ গ্রেন।
পটাশি ক্লোরাস	... ...	... ...	২০ গ্রেন।
সোডি বাইকার্ব্ব	... ...	...	৪০ গ্রেন।
পল্‌ভ জিঞ্জার্	....	....	৪ গ্রেন।
,, রিয়াই	......	....	২০ গ্রেন।

একত্রে ৪ পুরিয়া ১। ১ পুরিয়া জ্বরসত্ত্বে কোষ্টবদ্ধে ২। ৩ ঘণ্টান্তর প্রয়োজ্য।

(Dysentry—Powder.)
(ডিসেণ্ট্রী পাউডর্।)

R.

পল্‌ভ ক্রেটা এরোমেট কম্‌ওপিও	...	......	১ ড্রাম।

বিসমথ সব্ নাইট্রাস	....	৩০ গ্রেন।
এসিড্ গ্যালিক	... ...	২৪ গ্রেন।
পল্ভ ইপিক্যাক	....	১২ গ্রেন।

একত্রে ৬ টি পুরিয়া তৈয়ার কর ১। ১ পুরিয়া উদরাময় এবং অতিসার রোগে প্রয়োজনমতে ৩। ৪ ঘন্টান্তর সেবন।

[Cathartic—Pill.]

(ক্যাথার্টিক পীল।)

R.

ব্লু পীল	....	৫ গ্রেন।
এক্ট্রাক্ট কলসিন্থেস্থ কম্পাউণ্ড	....	৫ গ্রেন।

একত্রে ২টি বটিকা প্রস্তুত করিবে বিরেচন জন্য ১। ১টি রাত্রে শয়ন কালে সেবন।

(Cough—Pill.)

(কফনিঃসারক বটীকা।)

R.

এন্টিমোনি পটাসিও টার্ট্রাস	....	১ গ্রেন।
পল্ভ সিলি	....	১২ গ্রেন।
,, ইপিক্যাক	....	১২ গ্রেন।
ক্যাম্ফর	....	১২ গ্রেন।
এক্ট্রাক্ট হাইওসিয়েমাই	....	২৪ গ্রেন।

একত্র করিয়া ১২টি বটিকা তৈয়ার কর ১। ১বটিকা ৩। ৪ ঘণ্টান্তর সেবন। যদি বমন থাকে তবে ইপিকাকুয়ানা কম মাত্রায় দিবে।

(Calomel and opium Pill.)

(ক্যালোমেল এণ্ড ওপিয়ম পীল।)

R.

ক্যালোমেল	....	১২ গ্রেন।
ওপিয়ম	... ...	২ গ্রেন।
ক্যাম্ফর	... ...	৮ গ্রেন।

একত্রে ৪ বটিকা ১। ১ বটিকা পেরিটোনাইটিস, কলেরা, এবং কলিক-পেন প্রভৃতিতে ব্যবহার্য্য।

(Stimulant and antispasmodics Pill.)

(উত্তেজক ও আক্ষেপ নিবারক বটীকা।)

R.

এক্ট্রাক্ট বেলাডোনা	... ...	৫ গ্রেন।

জিনসাই সলফেটিস	... ...	৩০ গ্রেন।
এক্‌ষ্ট্রাক্ট জেন্‌সান	... ...	৯০ গ্রেন।

একত্রে ২০টি বটিকা প্রস্তুত কর ১। ১ বটিকা দিবসে তিনবার, মৃগী হাঁপানিকাশি প্রভৃতিতে ব্যবহৃত হয়।

(Tonic and antiperiodic Pill.)

[বলকারক ও পর্য্যায়নিবারক বটীকা।]

R.

কুইনাইন সলফাস্‌	... ...	১৮ গ্রেন।
এক্‌ষ্ট্রাক্ট নক্সভমিকা	... .	৩ গ্রেন।
,, জেনসান	... ...	৩৬ গ্রেন।

একত্র করিয়া ১২টি বটিকা তৈয়ার কর ১। ১ বটিকা প্রত্যহ দুইবার জ্বর ও দুর্ব্বলতায় কোষ্টবদ্ধ থাকিলে ব্যবহার্য্য।

(Astringent—Lotion.)

(সঙ্কোচক ধৌত।)

R.

সুগর্‌ অব্‌ লেড্‌	... ...	২৪ গ্রেন।
সলফেট্‌ অব্‌ জিঙ্ক	... ...	২৪ গ্রেন।
একোয়া পিওর	... ...	১২ আউন্স।

একত্র মিশাইবে এবং শ্বেতপ্রদর ও প্রমেহ রোগে দিবসে ৩। ৪ বার মূত্রপথে পীচ্‌কারি লইবে।

Purgative—anema.

(বিরেচক পীচ্‌কারি।)

R.

ক্যাষ্টর অয়াইল	... ...	১। ২ আউন্স।
গরম জল	... ...	১ পাইন্ট।

কোষ্ট পরিষ্কার জন্য গুহ্যপথে পীচ্‌কারি ব্যবহার্য্য

(Cough—mixture.)

(কফনিঃসারক মিশ্র।)

R.

এমোনি কার্ব্বনাস	....	৩০ গ্রেন।
স্পিরিট ইথারিস	... ...	২ ড্রাম।
টিংসিজি	....	১।০ ড্রাম।

টিং ক্যাম্ফর কম্পাউণ্ড	২ ড্রাম।
টিং ল্যাভেণ্ডার	২ ড্রাম।
ইনফিউজম্ সেনিগি	৫ আউন্স।

একত্র মিশ্রিত করিবে এবং শিশিতে ৬টি দাগ কাটিবে ১। ১ দাগ ২। ৩ ঘণ্টান্তর বিবিধ কাশ রোগে ব্যবহার্য্য।

(Alteratives—mixture.)

[পরিবর্ত্তক মিশ্র।]

R.

পটাসি আইওডাইড	১৮ গ্রেন।
লাইকর্ পটাসি	২ ড্রাম।
ভাইনম কল্‌চিসাই	২ ড্রাম।
ইনফিউজম্ হেমীডেসমস্	৬ আউন্স।

একত্রে ৬টি দাগকর ১। ১ দাগ বাতরোগে প্রত্যহ তিনবার সেবন।

(Chloral—mixture)

[নিদ্রাকারক মিশ্র।]

R.

ক্লোরেল হাইড্রেট	৩০ গ্রেন।
সিরপ্‌রোজ	৪ ড্রাম।
অ্যাকোয়া	২ আউন্স।

একত্রিত করিয়া ২টি দাগ কাটিবে ১। ১ দাগ ২। ৩ ঘণ্টা অন্তর বিবিধ আক্ষেপ ও বেদনাজনক রোগে প্রযোজ্য।

ঊনত্রিংশ অধ্যায়।

পীড়া সমূহের ইংরাজী হইতে বাঙ্গালা নাম।

অ্যাবর্সন,	Abrtion,	গর্ভস্রাব।
অ্যাবশেষ	Abscess,	স্ফোটক।

অ্যাজমা	Asthma,	শ্বাসকাশ, হাঁপানি।
অ্যাসিডিটি,	Acidity,	অম্ল রোগ।
অ্যাগিউ,	Ague,	কম্প-জ্বর
অ্যাপথি,	Aphthee,	মুখ মধ্যস্থ ক্ষত বিশেষ।
অ্যাপোপ্লেক্সি,	Apoplexy,	সংন্যাস রোগ।
বিউবো,	Bubo,	বাঘি।
ব্রঙ্কাইটীস,	Bronchitis,	বায়ুনলীভুজ প্রদাহ।
ব্রঙ্কোসিল,	Bronchocele,	গলগণ্ড।
বেডস্বোর,	Bed sore.	শয্যা ক্ষত।
বল্ডনেস.	Baldness,	টাক রোগ।
ক্যান্সর,	Cancer,	কর্কটীকা।
কলেরা;	Cholera,	বিসুচিকা।
কন্টিনিউড ফিবার,	Continued fever,	এক জ্বর।
চিকেন পক্স,	Chicken pox,	পান্ বসন্ত।
কন্ভল্সন্,	Convulsion.	খেঁচনি, আক্ষেপ।
কোরিয়া,	Chorea,	কাঁপনিরোগ, তাণ্ডব।
ক্যাটর্,	Catarrh,	সর্দ্দি।
কলিক,	Colic,	উদর শুল।
কনষ্টিপেশন,	Constipation,	কোষ্ট বদ্ধ।
কাইলস ইউরণ	Chyles urine,	দুগ্ধবৎ মুত্র।
কার্ব্বঙ্কল,	Carbuncle,	পৃষ্ঠ ব্রোণ।
ক্যাটারাক্ট,	Cataract,	ছানি।
ডায়েবিটীস,	Diabetis,	বহুমুত্র।
ডায়েরিয়া	Diarrhoea,	উদরাময়।
ডেবিলিটি,	Debility,	দুর্ব্বলতা
ড্রপসী,	Dropsy;	উদরি, শোথ।
ডিসেণ্ট্রি,	Dysentry,	গ্রহিণী।
ডিস্পেপশিয়া,	Dyspepsia,	অজীর্ণ।
একজিমা,	Eczema,	পামা।
এপিলেপ্সী	Epilepsy,	মৃগী।
ফেণ্টিং	Fainting,	মূর্চ্ছ
গনোরিয়া	Gonorrhoea,	প্রমেহ।
গলষ্টোন,	Gallstone,	পিত্তশিলা।

গ্যাংগ্রিণ,	Gangrene.	পচাক্ষত।
গ্যাষ্ট্রাইটীস,	Gastritis,	তরুণ পাকাশয় প্রদাহ
গাউট,	Gout,	গেঁটে বাত।
হেমরেজ,	Hoemorrhage;	রক্তস্রাব।
হুপীংকফ,	Hooping cough.	হুপ শব্দক কাশি।
হেডাক,	Head ache,	শিরঃপীড়া।
হিষ্টিরিয়া,	Hysteria.	গুল্মবায়ু রোগ।
হিমপটীসিস,	Hoemoptysis.	রক্তোৎকাশ।
হিমাটীমিসিস,	Hoematemesis.	রক্তবমন।
হিমরয়েডস,	Haemarrhoids.	অর্শ।
হিমাচিউরিয়া,	Haematuria,	রক্ত প্রস্রাব।
হেমিপ্লেজিয়া	Hemiplegia.	অৰ্দ্ধাঙ্গ পক্ষাঘাত।
হার্ণিয়া,	Hernia.	অন্ত্র বৃদ্ধি।
হাইড্রোসীল.	Hydrocile	জল দোষের পীড়া।
হিকফ	Hiccough,	হিক্কা
হেকটীক ফিবার,	Hectic fever,	পূয়যুক্ত জ্বর
হাইড্রোফোবিয়া.	Hydrophobia.	জলাতঙ্ক।
ইনফ্লামেসন,	Inflammation,	প্রদাহ।
ইম্পোটেন্স,	Impotence,	ধ্বজভঙ্গ।
ইম্পেটাইগো,	Impetigo;	চৰ্ম্ম চল।
জনডিস,	Jaundice	কামল, ন্যাবা।
লেপ্রসী,	Leprosy.	মহাকুষ্ঠ।
লুকোরিয়া,	Leucorrhea.	শ্বেতপ্রদর।
লিভার,	Liver,	যকৃত।
মেনরোজিয়া,	Mennorrhogia,	রক্তপ্রদর।
মিজলস,	Measles,	হাম।
মাইয়্যালজিয়া,	Myalgia,	পেশিশূল।
মেনিয়া,	Mania,	উন্মাদ।
নিউর‍্যালজিয়া,	Neuralgia,	স্নায়ুশূল।
নেফ্রাইটিস,	Nephritis,	মূত্র গ্রন্থি প্রদাহ

ওটাালজিয়া,	Otalgia,	কর্ণশূল।
অপথ্যালমিয়া,	Opthalmia,	চক্ষুপ্রদাহ।
অর্কাইটিশ,	Orchaitis,	অণ্ডপ্রদাহ, এক শিরা
প্লেগ,	Plague,	মড়ক।
প্যারালিসিস,	Paralysis,	পক্ষাঘাত।
নিউমোনিয়া,	Pneumonia,	ফুসফুস প্রদাহ।
থাইসিস,	Phthisis,	যক্ষ্মা, ক্ষয়কাশ।
পাইরোসিস,	Pyrosis,	মুখদিয়া জল উঠা।
প্লুরিসিস,	Pluritis,	ফুসফুসাবরক ঝিল্লি প্রদাহ
পিউর্পিরাল ফিভার,	Puerparal feaver,	সুতিকা জ্বর।
পিরিটোনাইটিস,	Peritonitis,	অন্ত্রাবরণ প্রদাহ।
রিউমেটিজম,	Rheumatism,	বাত।
রিল্যাপসিং ফিবার,	Relapsing fever,	পৌনঃপুনিক জ্বর
রেমিটেন্ট ফিবার,	Remittent fever,	সল্পবিরাম জ্বর।
স্ক্রফিউলা,	Scrofula,	গণ্ডমালা।
স্মলপক্স,	Smallpox,	বসন্ত।
স্কার্লেট ফিবার,	Scarlet fever,	আরক্ত জ্বর।
সিফিলিস,	Syphilis,	উপদংশ।
স্কেবীজ,	Scabies,	পাঁচড়া।
স্প্লীন,	Spleen,	প্লীহা।
সাইনস,	Sinus,	নালী।
টাইফস ফিবার,	Typhus fever,	সন্নিপাত জ্বর।
টেটেনস,	Tetanus,	ধনুষ্টঙ্কার।
টুথ্যাক,	Tooth ache,	দন্তশূল।
অলসার,	Ulcer,	ক্ষতবিশেষ
আর্টিকেরিয়া,	Urticaria,	আম্বাত।
ভার্টিগো,	Vertigo,	শিরঘূর্ণন।
ভমিটিং,	Vomitting,	বমন।
ওয়ার্টস,	Warts,	আঁচিল।
ইয়েলোফিবার,	Yellow fever,	পীতজ্বর।

সম্পূর্ণ।

INDEX.

(সুচিপত্র) পৃষ্ঠা।

অশুদ্ধ সংশোধন।

অশুদ্ধ	শুদ্ধ	পৃষ্ঠা।	লাইন।
পরিষ্ক্‌প্ত	পরিষ্কৃত	৩।	৬
১২ আউন্স অথবা ৫৭৬০ গ্রেন।	১৬ আউন্স অথবা ৭০০০ গ্রেন।	৩।	২০
হৃত্তবর্দ্ধন	হৃদবর্দ্ধন	১৩।	১
পম্বাই কার্বনাস ...	প্লম্বাই কার্ব্বনাশ	১৩।	২৫
চক্ষ	চর্ম্ম	১৪।	৫
৬০ মিনিম ...	৪০ মিনিম ...	৩৭।	১২
শ্বাসকৃচ্ছ্‌ ...	শ্বাসকৃচ্ছ ...	৫৫।	১৯
কিস্তু	কিন্তু	৬২।	২০
কুষ্ট	কুষ্ঠ	৭৬।	১৮
পরির্ত্তক	পরিবর্ত্তক ...	৮১।	১৭
কুষ্ট	কুষ্ঠ	৮১	২২
ঐ	ঐ	৮৩।	৭
চণেরজল ...	চূণেরজল ...	১৩৬।	১২
এতদ্ভিম্ন ...	এতদ্ভিন্ন ...	৬৯।	১০
টাগেকাস্থা ...	ট্রাগেকান্থা ...	১০৮।	১৪
বার্বনেট অব এমোনিয়া	কার্ব্বনেট অব এমোনিয়া	১৩৬।	২৬
মূচ্ছ্‌	মূর্চ্ছা	১৬০।	৩১